কাজকেরিয়ারের খবর দ্রুত পেতে 9051147904 নম্বরে 'Hi' দিয়ে Whatsapp গ্রুপে Add হন।

লেটেস্ট আপডেট পেতে আমাদের ফেসবুক পেজ লাইক ও ফলো করুন
www.fb.com/kaajcareer

পেশা ও কর্মজগতের নতুন দিগন্ত

# কাজকেরিয়ার

KAAJ CAREER

Weekly Employment Newspaper

সর্বভারতীয় চাকরির খবরের লেটেস্ট আপডেট পেতে ও ই-পেপার ডাউনলোড করতে Join করুন
Kaajcareer Telegram Channel

Subscribe Youtube
https://youtube.com/@kaajcareer1916

Visit https://kaajcareer.in

Vol - 20 • Issue No. 15 • 15 April, 2026, Wednesday | RNI No. WBBEN/2006/18125 | Bengali: 1 Baisakh, 1433 • Price Rs. 5.00/-

ব্রাস ব্যান্ড, পাইপ ব্যান্ড, ম্যাসন, বার্বার, মালি, বিউগুলার সহ বিভিন্ন ডিসিপ্লিনে

## ৯,১৯৫ কনস্টেবল নিচ্ছে সেন্ট্রাল রিজার্ভ পুলিশে

**কাজকেরিয়ার, নিজস্ব প্রতিনিধি:** কনস্টেবল (টেকনিক্যাল/ ট্রেডসম্যান) ও কনস্টেবল (পাইওনিয়র) পদে ৯,১৯৫ জন পুরুষ ও মহিলা নিচ্ছে সেন্ট্রাল রিজার্ভ পুলিশ ফোর্সে। নিয়োগ হবে ব্রাস ব্যান্ড, বার্বার, মালি, পাইওনিয়র সহ বিভিন্ন ডিসিপ্লিনে। প্রার্থীকে সাধারণত নিজ নিজ রাজ্য/কেন্দ্রশাসিত অঞ্চলের বাসিন্দা হতে হবে। তবে পাইওনিয়ন পদে কেবলমাত্র পুরুষরাই আবেদন করতে পারবেন।

**কনস্টেবল (টেকনিক্যাল ও ট্রেডসম্যান):** মোট শূন্যপদ ৯,১৭৫ টাকা। এরমধ্যে থেকে পুরুষদের জন্য শূন্যপদ ৯,০৯৬টি। নিয়োগ হবে এইসব পদে — **ব্রাস ব্যান্ডে:** শূন্যপদ ১৫৭টি (পশ্চিমবঙ্গে ১৫টি, অন্ধ্রপ্রদেশে ৯টি, অসমে ৫টি, বিহারে ৮টি, ছত্রিশগড়ে ৪টি, দিল্লিতে ১টি, গুজরাটে ১০টি, হরিয়ানায় ১টি, জম্মু ও কাশ্মীরে ৩টি, ঝাড়খন্ডে ৪টি, কর্ণাটকে ৬টি, কেরলায় ৬টি, মহারাষ্ট্রে ৯টি, মণিপুরে ১টি, মেঘালয়ে ১টি, মধ্যপ্রদেশে ৮টি, নাগাল্যান্ডে ৯টি, ওড়িশায় ৬টি, পাঞ্জাবে ৬টি,

......... *এরপর ২ পাতায়*

স্টাফ সিলেকশন কমিশনের পরীক্ষার মাধ্যমে

## ৩,০০৩ অ্যাসিস্ট্যান্ট, ক্লার্ক, অ্যাকাউন্ট্যান্ট

**কাজকেরিয়ার, নিজস্ব প্রতিনিধি:** ল্যাব অ্যাটেন্ড্যান্ট, জুনিয়র অ্যাসিস্ট্যান্ট, সায়েন্টিফিক অ্যাসিস্ট্যান্ট সহ বিভিন্ন পদে ৩,০০৩ জনকে নিচ্ছে কেন্দ্রীয় সরকারের বিভিন্ন বিভাগ ও মন্ত্রকে। নিয়োগ হবে ইন্ডিয়ান ব্যুরো অফ মাইনস, ন্যাশনাল ফায়ার সার্ভিস, ফরেস্ট সার্ভে অফ ইন্ডিয়া, ফিশারি সার্ভে অফ ইন্ডিয়া, সেন্ট্রাল ওয়াটার পাওয়ার রিসার্চ স্টেশন সহ বিভিন্ন কেন্দ্রীয় বিভাগগুলিতে। সর্বভারতীয় পরীক্ষার মাধ্যমে প্রার্থীবাছাই করবে স্টাফ সিলেকশন কমিশন।

**ইস্টার্ন রিজিয়নে:** শূন্যপদ ২৫৯টি। এরমধ্যে থেকে লাইব্রেরি অ্যান্ড ইনফর্মেশন অ্যাসিস্ট্যান্ট (পোস্ট কোড-ER10126): শূন্যপদ ৩টি। গ্র্যাজুয়েট বা উচ্চতর

......... *এরপর ৩ পাতায়*

সাউথ-ইস্টার্ন কোলফিল্ডস লিমিটেডে

## ১,০৫৫ মাইনিং সর্দার, সার্ভেয়র, ফোরম্যান

**কাজকেরিয়ার, নিজস্ব প্রতিনিধি:** মাইনিং সর্দার, ডেপুটি সার্ভেয়র এবং অ্যাসিস্ট্যান্ট ফোরম্যান পদে ১০৫৫ জনকে নিচ্ছে সাউথ ইস্টার্ন কোলফিল্ডস লিমিটেডে। এটি কোল ইন্ডিয়া লিমিটেডের একটি সহায়ক সংস্থা। নীচের মতো যোগ্যতার প্রার্থীরা আবেদন করতে পারেন। নিয়োগ হবে সরাসরি।

মাইনিং সর্দার টেকনিক্যাল অ্যান্ড সুপারভাইজর গ্রেড-সি: শূন্যপদ ৫৭৭টি (অসং ২২৫, তঃজাঃ ১১০, তঃউঃজাঃ ৮৬, ওবিসি ৯৮, আর্থিকভাবে কমজোর প্রার্থী ৫৮)। ক) মাধ্যমিক/ সমতুল পাশ হতে হবে। অথবা মাইনিং ইঞ্জিনিয়ারিংয়ের ৩ বছরের ডিপ্লোমাধারী কিংবা মাইনিং ইঞ্জিনিয়ারিংয়ের ডিগ্রিধারী বা সমতুল ডিগ্রিধারী হতে হবে। সঙ্গে খ) ওপেন

......... *এরপর ৫ পাতায়*

মেকানিক্যাল, কেমিক্যাল, ইলেক্ট্রিক্যাল ডিসিপ্লিনে

## ৩৩০ এক্সিকিউটিভ ট্রেনি নিউক্লিয়ার পাওয়ারে

**কাজকেরিয়ার, নিজস্ব প্রতিনিধি:** এক্সিকিউটিভ ট্রেনি পদে ৩৩০ জনকে নিচ্ছে নিউক্লিয়ার পাওয়ার কর্পোরেশন অফ ইন্ডিয়া লিমিটেডে (এনপিসিআইএল)।

এক্সিকিউটিভ ট্রেনি: মোট শূন্যপদ ৩৩০টি। এরমধ্যে- মেকানিক্যালে ১২৫টি (অসং ৪৮, তঃজাঃ ২০, তঃউঃজাঃ ৮, ওবিসি ৩৭, ইডব্লিউএস ১২), কেমিক্যালে ৪০টি (অসং ১৫, তঃজাঃ ৬, তঃউঃজাঃ ৩, ওবিসি ১২, ইডব্লিউএস ৪), ইলেক্ট্রিক্যালে ৬৫টি (অসং ২৫, তঃজাঃ ১০, তঃউঃজাঃ ৫, ওবিসি ১৯, ইডব্লিউএস ৬), ইলেক্ট্রনিক্সে ৫০টি (অসং ১৯, তঃজাঃ ৮, তঃউঃজাঃ ৩, ওবিসি ১৫, ইডব্লিউএস ৫), ইনস্ট্রুমেন্টেশনে ১৫টি (অসং ৬, তঃজাঃ ২, তঃউঃজাঃ ২, ওবিসি ৪, ইডব্লিউএস ১) এবং

......... *এরপর ৫ পাতায়*

অসম রাইফেলসে

## ১১৭ অফিসার, রাইফেলম্যান

**কাজকেরিয়ার, নিজস্ব প্রতিনিধি:** হাবিলদার ক্লার্ক, রাইফেলম্যান মেসন, রাইফেলম্যান মেটালস্মিথ, রাইফেলম্যান অস্ত্র-প্রস্তুতকারক সহ আরও অন্যান্য পদে ১১৭ জনকে নিচ্ছে আসাম রাইফেলসে। আসাম রাইফেলসের মৃত কর্মী বা কর্মরত অবস্থায় আহত হয়ে মারা যাওয়া কর্মী, সার্ভিসের সময় মেডিক্যাল কারণে ছুটির কারণে মুক্তি পাওয়া কর্মী এবং কর্মরত অবস্থায় নিখোঁজ হওয়া

......... *এরপর ৬ পাতায়*

ভারতীয় নৌবাহিনীতে

## কয়েকশো মিউজিশিয়ান

**কাজকেরিয়ার, নিজস্ব প্রতিনিধি:** অগ্নিবীর (মিউজিশিয়ান) পদে অবিবাহিত তরুণ-তরুণীকে নিচ্ছে ভারতীয় নৌবাহিনীতে। ম্যাট্রিক রিক্রুটসে ট্রেনিং হবে ০২/২০২৬ (জুলাই ২৬) ব্যাচে। শূন্যপদের সংখ্যা পরিষেবার প্রয়োজনীয়তার ভিত্তিতে নির্ধারিত হবে। নিয়োগ হবে ৪ বছরের জন্য। যে কোনও ভারতীয় নাগরিক নীচের মতো যোগ্যতা থাকলে আবেদন করতে পারেন।

.... *এরপর ৬ পাতায়*

সায়েন্টিস-সি এবং সায়েন্টিস্ট-ডি পদে

## ন্যাশনাল ইনফর্মেটিক্স সেন্টারে ১৫৩ নিয়োগ

**কাজকেরিয়ার, নিজস্ব প্রতিনিধি:** সায়েন্টিস্ট-সি এবং সায়েন্টিস্ট-ডি পদে ১৫৩ জনকে নিচ্ছে ভারত সরকারের ইলেক্ট্রনিক্স ও তথ্য প্রযুক্তি মন্ত্রক, ভারত সরকার -এর অধীন ন্যাশনাল ইনফর্মেটিক্স সেন্টারে (এনআইসি)। নীচে বলা সায়েন্টিফিক এবং টেকনিক্যাল পদে, দেশের যে কোনও অংশে এবং দেশের বাইরে নিয়োগ হবে সরাসরি।

সায়েন্টিস্ট-সি:শূন্যপদ ১৪১টি (অসংরক্ষিত ৫৯, তফশিলি জাতি ২১, তফশিলি উপজাতি ১০, ওবিসি (এনসিএল) ৩৮, আর্থিকভাবে কমজোর প্রার্থী ১৩ এবং এসবের মধ্যে থেকে শারীরিক প্রতিবন্ধী ৬)। মাইনে লেভেল ১১ অনুযায়ী ৬৭,৭০০ - ২,০৮,৭০০ টাকা। সায়েন্টিস্ট-ডি:শূন্যপদ ১২টি (অসংরক্ষিত ৭, তফশিলি জাতি ১, ওবিসি (এনসিএল) ৩, আর্থিকভাবে কমজোর প্রার্থী

.... এরপর ৭ পাতায়

আর্টিফিশিয়াল লিম্বর ম্যানুফ্যাকচারিং কর্পোরেশনে

## ১৫২ ম্যানেজার, ইয়ং প্রফেশনাল, কন্ট্রোলার

**কাজকেরিয়ার, নিজস্ব প্রতিনিধি:** আইটি কনসাল্ট্যান্ট, অ্যাসিস্ট্যান্ট ম্যানেজার, কোয়ালিটি কন্ট্রোলার সহ বিভিন্ন পদে ১৫২ জনকে নিচ্ছে আর্টিফিশিয়াল লিম্বস ম্যানুফ্যাকচারিং কর্পোরেশন লিমিটেডে। এটি ভারত সরকারের মিনিস্ট্রি অফ সোশ্যাল জাস্টিস অ্যান্ড এমপাওয়ারমেন্টের অধীনস্থ একটি সংস্থা। চুক্তির ভিত্তিতে নিয়োগ হবে নিউদিল্লি, কানপুর, তিকামগড় সহ সংস্থার বিভিন্ন অফিসগুলিতে।

আইটি কনসাল্ট্যান্ট (কোড-CON-01): শূন্যপদ ২টি। কম্পিউটার সায়েন্স/ ইনফর্মেশন টেকনোলজির ব্যাচেলর বা এমসিএ ডিগ্রি পাশরা জাভা, পিএইচপি ইত্যাদি সার্টিফিকেটধারী হলে এবং সংশ্লিষ্ট ক্ষেত্রে ১০ বছরে কাজের অভিজ্ঞতা থাকলে আবেদন করতে পারেন। বয়স ৫০ বছরের মধ্যে।

.... *এরপর ৮ পাতায়*

https://kaajcareer.in

# সম্পাদকীয়

বর্ষ ২০ ● সংখ্যা ১৫

ইং-১৫ এপ্রিল, ২০২৬ ● বাং- ১ বৈশাখ, ১৪৩৩


## মেডিটেশন

চিকিৎসা বিজ্ঞানে একটি কথা শোনা যায় "মেডিটেশন"। এর মানে শুধু চোখ বন্ধ করে থাকা নয়,নিজের মনের সঙ্গে নতুনভাবে পরিচিত হওয়া। এক্ষেত্রে মনোবিজ্ঞান (Psychology) কি বলছে তা একটু জেনে নেওয়া যাক। আমরা অনেকেই অস্থির মন নিয়ে প্রতিদিন কাজ করে থাকি। ঘুম থেকে ওঠার পর কাজের চিন্তা-ভাবনা শুরু করে থাকি। মোবাইল নিয়ে ব্যস্ত হয়ে উঠি,কথা বলি বা ভিন্ন কাজে মেতে থাকি। তাড়াহুড়ো করে যে দিনটা শুরু হয়,তার ফলে শরীর জেগে ওঠলেও মন অস্থির থেকে যায়। মনে রাখা দরকার, ঘুম থেকে ওঠার পর মনেরও নতুনভাবে শুরু হয়। অস্থির মন নিয়ে কাজ করা সম্ভব নয়। সুতরাং ক্লান্তি,বিরক্তি,চাপ,চোখে-মুখে ও মনে থাকবেই। তাই দিনের শুরুতেই মনকে শান্ত করে নেওয়া খুবই প্রয়োজন। এ বিষয়ে মনোবিজ্ঞানীরা কি বলছে তা জানতে নজর রাখুন প্রতিবেদনে। ভোরে ঘুম থেকে উঠে মাত্র ৫–৭ মিনিট মেডিটেশন (Meditation) করলে মস্তিষ্কের কাজ করার ধরণ বদলে যাবে। শুধু মানসিক শান্তি নয়, চিন্তা-আবেগ ও আচরণকে অনেকটাই নিয়ন্ত্রণে আনতে সহায়তা করবে। মস্তিষ্ক সবসময় ব্যস্ত থাকে বলেই তাকে শান্ত করাটা খুব প্রয়োজন। মস্তিষ্ক কখনও থামে না। প্রতি মুহূর্তে কিছু না কিছু চিন্তা চলতেই থাকে মস্তিষ্কে। প্রতিদিনের কাজ, নানা সমস্যা ও ভবিষ্যতের চিন্তা নিয়ে আমরা জেরবার থাকি। এই অবস্থার মধ্যে মস্তিষ্কের ভয়ের অংশ অ্যামিগডালা – (Amygdala) বেশি সক্রিয় হয়ে পড়ে। যার ফলস্বরূপ আমরা অকারণে টেনশন বা চাপ অনুভব করে থাকি। এক্ষেত্রে মেডিটেশন খুব সাহায্য করে থাকে। যখন আমরা কিছুক্ষণ শ্বাসের দিকে মন নিয়ে যাই, তখন মস্তিষ্ক আসতে আসতে শান্ত হতে শুরু করে।


## কাজকেরিয়ার

### বিশেষ বিজ্ঞপ্তি

কাজকেরিয়ার বিজ্ঞাপনের বিষয়বস্তু ও যথার্থতার যাবতীয় দায়িত্ব বিজ্ঞাপনদাতাদের। কোনও সংস্থার বিজ্ঞাপন বা নিয়োগ বিজ্ঞপ্তি, আইনি সমস্যা সৃষ্টি করলে বা সেটির কারণে কারও আর্থিক ক্ষতির জন্য দায়ী হলে তার যাবতীয় দায়-দায়িত্ব বর্তাবে ওই বিজ্ঞাপনদাতা সংস্থার ওপরেই। এছাড়া কোনও বেসরকারি প্রতিষ্ঠানের বিজ্ঞাপনের পরিপ্রেক্ষিতে আবেদন বা সাক্ষাৎকারের সময় টাকা চাওয়া হলে সাবধানতা অবলম্বন করা একান্ত প্রযোজ্য এবং তা প্রদান করা সম্পূর্ণ যুক্তিসঙ্গত কিনা তাও খতিয়ে দেখে নেবেন। বিজ্ঞাপনদাতারা কোনও প্রতিশ্রুতি পালনে ব্যর্থ হলে কাজকেরিয়ার বা এফেক্ট পাবলিকেশন তারজন্য কোনওভাবেই দায়ী থাকবে না। — *সম্পাদক*


### — চিঠিপত্র বিভাগ —

চাকরি, ব্যবসা, বাণিজ্য, পড়াশুনা-কোর্স ও পরীক্ষা সংক্রান্ত যে কোনও বিষয়ে জানতে আগ্রহী হলে আমাদের এই বিভাগে চিঠি লিখে জানতে পারেন। আমরা যথাসময়ে আপনার নাম-ঠিকানা উল্লেখে সেই চিঠির উত্তর দেব।

**ঠিকানা ঃ বিডি-৭২, সেক্টর-১, সল্টলেক সিটি, কলকাতা, পশ্চিমবঙ্গ -৭০০ ০৬৪**


## কাজকেরিয়ার

**সম্পাদকীয় ও বিভাগীয় দপ্তর**

এফেক্ট পাবলিকেশন্স,
বিডি-৭২, সেক্টর-১, সল্টলেক সিটি, কলকাতা-৭০০ ০৬৪
মোবাইল ঃ ৯৪৩৪৯৭২২৬০
ফোনঃ (০৩৩) ২৩৩৪-৩৫৭৫

**বিজ্ঞাপনের অন্যান্য যোগাযোগ কেন্দ্র**

১১৭ অরবিন্দ সরণী, গ্রাউন্ড ফ্লোর, কলকাতা-৭০০ ০০৬।
বিডি-৭২, সেক্টর-১, সল্টলেক, কলকাতা-৭০০০৬৪
মোবাইল ঃ ৯৪৩৪৯৭২২৬০

**দিল্লি অফিস**

মিষ্ঠি সদন, বি-৩৫২/১, গলি নং-৯৩, সন্ত নগর, বুরারি, অ্যাপেক্স স্কুলের সন্নিকটে, নিউ দিল্লি-১১০০৮৪

—সম্পাদক—

প্রবীর মুখোপাধ্যায়

প্রযত্নে ঃ কাজকেরিয়ার
ফোন ঃ (০৩৩) ২৩৩৪-৩৫৭৫
মোবাইল ঃ ৯৪৩৪৯৭২২৬০

Email: editorkaajcareer@gmail.com
Website: www.kaajcareer.in


## ৯,১৯৫ কনস্টেবল নিচ্ছে

*১ পাতার পর ..........*

রাজস্থানে ৬টি,তামিলনাড়ুতে ১৪টি, তেলেঙ্গানায় ৭টি, ত্রিপুরায় ১টি, উত্তরপ্রদেশে ১৬টি, উত্তরাখন্ডে ১টি)। **বার্বার**: শূন্যপদ ২৩১টি (পশ্চিমবঙ্গে ১৭টি,অন্ধ্রপ্রদেশে ১১টি, অসমে ৬টি, বিহারে ১৯টি, ছত্রিশগড়ে ৫টি, দিল্লিতে ৩টি, গুজরাটে ১২টি, হরিয়ানায় ৫টি, হিমাচলপ্রদেশে ১টি, জম্মু ও কাশ্মীরে ২টি, ঝাড়খন্ডে ৬টি, কর্ণাটকে ১১টি, কেরলায় ৮টি, মহারাষ্ট্রে ২১টি, মণিপুরে ১টি, মেঘালয়ে ২টি, মধ্যপ্রদেশে ১৩টি, ওড়িশায় ৮টি, পাঞ্জাবে ৫টি, রাজস্থানে ১৩টি, তামিলনাড়ুতে ১৫টি, তেলেঙ্গানায় ৭টি, ত্রিপুরায় ১টি, উত্তরপ্রদেশে ৩৭টি, উত্তরাখন্ডে ২টি)। **বিউগুলার**: শূন্যপদ ১,২৬৩টি (পশ্চিমবঙ্গে ৮৯টি, অরুণাচলপ্রদেশে ২টি, অন্ধ্রপ্রদেশে ৭১টি, অসমে ৩০টি, বিহারে ১০০টি, চণ্ডীগড়ে ২টি, ছত্রিশগড়ে ২৭টি, দিল্লিতে ১৮টি, গোয়ায় ৪টি, গুজরাটে ৫৮টি, হরিয়ানায় ২৪টি, হিমাচলপ্রদেশে ৭টি, জম্মু ও কাশ্মীরে ১৬টি, ঝাড়খন্ডে ৩২টি, কর্ণাটকে ৫৯টি, কেরলায় ৫৭টি, মহারাষ্ট্রে ১০৭টি, মণিপুরে ৪টি, মেঘালয়ে ৬টি, মিজোরামে ২টি, মধ্যপ্রদেশে ৭০টি, নাগাল্যান্ডে ২টি, ওড়িশায় ৪১টি, পুদুচেরিতে ৩টি, পাঞ্জাবে ২৭টি, রাজস্থানে ৬৭টি, সিকিমে ২টি, তামিলনাড়ুতে ৮২টি, তেলেঙ্গানায় ৪৭টি, ত্রিপুরায় ৫টি, উত্তরপ্রদেশে ১৯২টি, উত্তরাখন্ডে ১০টি)। **কবলার**: শূন্যপদ ১১৮টি (পশ্চিমবঙ্গে ৭টি, অন্ধ্রপ্রদেশে ৫টি, অসমে ৩টি, বিহারে ৮টি, ছত্রিশগড়ে ৩টি, দিল্লিতে ১টি, গুজরাটে ৭টি, হরিয়ানায় ৩টি, হিমাচলপ্রদেশে ১টি, জম্মু ও কাশ্মীরে ২টি, ঝাড়খন্ডে ২টি, কর্ণাটকে ৯টি, কেরলায় ৬টি, মহারাষ্ট্রে ৮টি, মেঘালয়ে ২টি, মধ্যপ্রদেশে ৫টি, নাগাল্যান্ডে ৩টি, ওড়িশায় ৩টি, পাঞ্জাবে ২টি, রাজস্থানে ৫টি, তামিলনাড়ুতে ১২টি, তেলেঙ্গানায় ৭টি, উত্তরপ্রদেশে ১৪টি, উত্তরাখন্ডে ১টি)। **কুক**: শূন্যপদ ১,৪২৬টি (পশ্চিমবঙ্গে ১০৬টি, অরুণাচলপ্রদেশে ২টি, অন্ধ্রপ্রদেশে ৫৮টি, অসমে ৩৬টি, বিহারে ১২১টি, চণ্ডীগড়ে ১টি, ছত্রিশগড়ে ৩০টি, দিল্লিতে ২০টি, গোয়ায় ৪টি, গুজরাটে ৭০টি, হরিয়ানায় ৩০টি, হিমাচলপ্রদেশে ৮টি, জম্মু ও কাশ্মীরে ১৪টি, ঝাড়খন্ডে ৩৮টি, কর্ণাটকে ৭১টি, কেরলায় ৪৩টি, মহারাষ্ট্রে ১৩১টি, মণিপুরে ৩টি, মেঘালয়ে ৪টি, মিজোরামে ১টি, মধ্যপ্রদেশে ৮৫টি, নাগাল্যান্ডে ২টি, ওড়িশায় ৪৯টি, পুদুচেরিতে ২টি, পাঞ্জাবে ৩২টি, রাজস্থানে ৮টি, সিকিমে ২টি, তামিলনাড়ুতে ৯১টি, তেলেঙ্গানায় ৪৪টি, ত্রিপুরায় ৪টি, উত্তরপ্রদেশে ২৩২টি, উত্তরাখন্ডে ১২টি)। **কার্পেন্টার**: শূন্যপদ ১২৩টি (পশ্চিমবঙ্গে ৯টি, অন্ধ্রপ্রদেশে ৬টি, অসমে ৪টি, বিহারে ৯টি, ছত্রিশগড়ে ২টি, দিল্লিতে ১টি, গুজরাটে ৮টি, হরিয়ানায় ৩টি, হিমাচলপ্রদেশে ১টি, জম্মু ও কাশ্মীরে ২টি, ঝাড়খন্ডে ৩টি, কর্ণাটকে ৭টি, কেরলায় ৫টি, মহারাষ্ট্রে ৮টি, মধ্যপ্রদেশে ৭টি, ওড়িশায় ৪টি, পাঞ্জাবে ২টি, রাজস্থানে ৮টি, তামিলনাড়ুতে ১১টি, তেলেঙ্গানায় ৬টি, ত্রিপুরায় ১টি, উত্তরপ্রদেশে ১৫টি, উত্তরাখন্ডে ১টি)। **ড্রাইভার**: শূন্যপদ ৩,১৭৬টি (পশ্চিমবঙ্গে ৩১৯টি, আন্দামান ও নিকোবরে ১টি, অরুণাচলপ্রদেশে ৯টি, অন্ধ্রপ্রদেশে ২২৫টি, অসমে ৮১টি, বিহারে ২৪২টি, চণ্ডীগড়ে ৩টি, ছত্রিশগড়ে ৬১টি, দাদরা ও নগরহাভেলিতে ১টি, দিল্লিতে ২৯টি, গোয়ায় ৪টি, গুজরাটে ১৫৬টি, হরিয়ানায় ৪৩টি, হিমাচলপ্রদেশে ১২টি, জম্মু ও কাশ্মীরে ৬২টি, ঝাড়খন্ডে ১১০টি, কর্ণাটকে ১৭৭টি, কেরলায় ৯৪টি, মহারাষ্ট্রে ১৯৭টি, মণিপুরে ১৯টি, মেঘালয়ে ২১টি, মিজোরামে ৭টি, মধ্যপ্রদেশে ১২৫টি, নাগাল্যান্ডে ৪৪টি, ওড়িশায় ৯৫টি, পুদুচেরিতে ৪টি, পাঞ্জাবে ১০৪টি, রাজস্থানে ১১৬টি, সিকিমে ৩টি, তামিলনাড়ুতে ১৮২টি, তেলেঙ্গানায় ১৫০টি, ত্রিপুরায় ১৬টি, উত্তরপ্রদেশে ৩৩৭টি, উত্তরাখন্ডে ২৭টি)। **মালি**: শূন্যপদ ১৪১টি (পশ্চিমবঙ্গে ১০টি, অন্ধ্রপ্রদেশে ৬টি, অসমে ৪টি, বিহারে ১৩টি, ছত্রিশগড়ে ৩টি, দিল্লিতে ২টি, গুজরাটে ৭টি, হরিয়ানায় ৩টি, হিমাচলপ্রদেশে ১টি, জম্মু ও কাশ্মীরে ১টি, ঝাড়খন্ডে ৪টি, কর্ণাটকে ৭টি, কেরলায় ৪টি, মহারাষ্ট্রে ১৩টি, মেঘালয়ে ১টি, মধ্যপ্রদেশে ৯টি, ওড়িশায় ৫টি, পাঞ্জাবে ৩টি, রাজস্থানে ৮টি, তামিলনাড়ুতে ৯টি, তেলেঙ্গানায় ৪টি, উত্তরপ্রদেশে ২৩টি, উত্তরাখন্ডে ১টি)। **মোটর মেকানিক ভেহিকল**: শূন্যপদ ৭৩৯টি (পশ্চিমবঙ্গে ৫০টি, অরুণাচলপ্রদেশে ৪টি, অন্ধ্রপ্রদেশে ৩৬টি, অসমে ৭৪টি, বিহারে ৩৫টি, চণ্ডীগড়ে ১টি, ছত্রিশগড়ে ৩৪টি, দিল্লিতে ১৫টি, গোয়ায় ১টি, গুজরাটে ৩৪টি, হরিয়ানায় ৭টি, হিমাচলপ্রদেশে ২টি, জম্মু ও কাশ্মীরে ৩২টি, ঝাড়খন্ডে ১১টি, কর্ণাটকে ৩৬টি, কেরলায় ২১টি, মহারাষ্ট্রে ৩৩টি, মণিপুরে ১৫টি, মেঘালয়ে ৮টি, মিজোরামে ৩টি, মধ্যপ্রদেশে ২৯টি, নাগাল্যান্ডে ১৩টি, ওড়িশায় ১৮টি, পাঞ্জাবে ২৫টি, রাজস্থানে ৩৫টি, তামিলনাড়ুতে ৪৫টি, তেলেঙ্গানায় ২৪টি, ত্রিপুরায় ১২টি, উত্তরপ্রদেশে ৮২টি, উত্তরাখন্ডে ৪টি)। **পাইপ ব্যান্ড**: শূন্যপদ ৩২টি (পশ্চিমবঙ্গে ৪টি, অন্ধ্রপ্রদেশে ২টি, বিহারে ১টি, ছত্রিশগড়ে ১টি, দিল্লিতে ১টি, গুজরাটে ৪টি, কর্ণাটকে ২টি, কেরলায় ১টি, মহারাষ্ট্রে ৩টি, মধ্যপ্রদেশে ৩টি, ওড়িশায় ২টি, পাঞ্জাবে ১টি, রাজস্থানে ১টি, তামিলনাড়ুতে ৩টি, তেলেঙ্গানায় ১টি, উত্তরপ্রদেশে ২টি)। **পেইন্টার**: শূন্যপদ ৮৩টি (পশ্চিমবঙ্গে ৫টি, অন্ধ্রপ্রদেশে ৫টি, অসমে ৩টি, বিহারে ৬টি, ছত্রিশগড়ে ২টি, দিল্লিতে ১টি, গুজরাটে ৪টি, হরিয়ানায় ২টি, জম্মু ও কাশ্মীরে ২টি, ঝাড়খন্ডে ২টি, কর্ণাটকে ৪টি, কেরলায় ৫টি, মহারাষ্ট্রে ৮টি, মেঘালয়ে ১টি, মধ্যপ্রদেশে ৪টি, নাগাল্যান্ডে ২টি, ওড়িশায় ২টি, পাঞ্জাবে ২টি, রাজস্থানে ৪টি, তামিলনাড়ুতে ৪টি, তেলেঙ্গানায় ২টি, উত্তরপ্রদেশে ১২টি, উত্তরাখন্ডে ১টি)। **সাফাই কর্মচারি**: শূন্যপদ ৫৪৭টি (পশ্চিমবঙ্গে ৪১টি, অরুণাচলপ্রদেশে ১টি, অন্ধ্রপ্রদেশে ২২টি, অসমে ১৪টি, বিহারে ৪৭টি, ছত্রিশগড়ে ১২টি, দিল্লিতে ৮টি, গোয়ায় ১টি, গুজরাটে ২৭টি, হরিয়ানায় ১১টি, হিমাচলপ্রদেশে ৩টি, জম্মু ও কাশ্মীরে ৫টি, ঝাড়খন্ডে ১৫টি, কর্ণাটকে ২৭টি, কেরলায় ১৬টি, মহারাষ্ট্রে ৫০টি, মণিপুরে ১টি, মেঘালয়ে ১টি, মিজোরামে ১টি, মধ্যপ্রদেশে ৩২টি, নাগাল্যান্ডে ২টি, ওড়িশায় ১৯টি, পুদুচেরিতে ১টি, পাঞ্জাবে ১২টি, রাজস্থানে ৩১টি, তামিলনাড়ুতে ৩৪টি, তেলেঙ্গানায় ১৭টি, ত্রিপুরায় ২টি, উত্তরপ্রদেশে ৮৯টি, উত্তরাখন্ডে ৫টি)। **টেইলর**: শূন্যপদ ১৯২টি (পশ্চিমবঙ্গে ১২টি, অন্ধ্রপ্রদেশে ১১টি, অসমে ৪টি, বিহারে ১২টি, ছত্রিশগড়ে ৩টি, দিল্লিতে ২টি, গুজরাটে ১০টি, হরিয়ানায় ৩টি, হিমাচলপ্রদেশে ১টি, জম্মু ও কাশ্মীরে ১৭টি, ঝাড়খন্ডে ৫টি, কর্ণাটকে ৭টি, কেরলায় ১০টি, মহারাষ্ট্রে ১৪টি, মণিপুরে ১টি, মেঘালয়ে ১টি, মধ্যপ্রদেশে ৯টি, নাগাল্যান্ডে ৭টি, ওড়িশায় ৫টি, পাঞ্জাবে ৩টি, রাজস্থানে ৮টি, তামিলনাড়ুতে ১৪টি, তেলেঙ্গানায় ১০টি, ত্রিপুরায় ১টি, উত্তরপ্রদেশে ২৪টি, উত্তরাখন্ডে ১টি)। **ওয়াটার ক্যারিয়ার**: শূন্যপদ ৫০২টি (পশ্চিমবঙ্গে ৩৭টি, অরুণাচলপ্রদেশে ২টি, অন্ধ্রপ্রদেশে ২০টি, অসমে ১৩টি, বিহারে ৪২টি,ছত্রিশগড়ে ১০টি, দিল্লিতে ৭টি, গোয়ায় ২টি, গুজরাটে ২৪টি, হরিয়ানায় ১০টি, হিমাচলপ্রদেশে ৩টি, জম্মু ও কাশ্মীরে ৫টি, ঝাড়খন্ডে ১৩টি, কর্ণাটকে ২৫টি, কেরলায় ১৭টি, মহারাষ্ট্রে ৪৫টি, মণিপুরে ১টি, মেঘালয়ে ১টি, মধ্যপ্রদেশে ২৯টি, নাগাল্যান্ডে ১টি, ওড়িশায় ১৭টি, পুদুচেরিতে ১টি, পাঞ্জাবে ১১টি, রাজস্থানে ২৮টি,

*......... এরপর ৩ পাতায়*

Vol - 19 ● Issue No. 15

## ৯,১৯৫ কনস্টেবল নিচ্ছে

*২ পাতার পর ..........*

তামিলনাড়ুতে ৩৫টি, তেলেঙ্গানায় ১৬টি, ত্রিপুরায় ২টি, উত্তরপ্রদেশে ৮১টি, উত্তরাখন্ডে ৪টি)। **ওয়াশারম্যান**: শূন্যপদ ৩৬৩টি (পশ্চিমবঙ্গে ২৭টি, অন্ধ্রপ্রদেশে ১৭টি, অসমে ৯টি, বিহারে ৩১টি, ছত্রিশগড়ে ৮টি, দিল্লিতে ৫টি, গুজরাটে ১৮টি, হরিয়ানায় ৮টি, হিমাচলপ্রদেশে ২টি, জম্মু ও কাশ্মীরে ৪টি, ঝাড়খন্ডে ১০টি, কর্ণাটকে ১৮টি, কেরলায় ১১টি, মহারাষ্ট্রে ৩৩টি, মণিপুরে ১টি, মেঘালয়ে ৩টি, মধ্যপ্রদেশে ২১টি, নাগাল্যান্ডে ১টি, ওড়িশায় ১২টি, পাঞ্জাবে ৮টি, রাজস্থানে ২০টি, তামিলনাড়ুতে ২২টি, তেলেঙ্গানায় ১১টি, ত্রিপুরায় ১টি, উত্তরপ্রদেশে ৫৯টি, উত্তরাখন্ডে ৩টি)।

মহিলাদের জন্য শূন্যপদ ৭৯টি। নিয়োগ হবে এইসব পদে— **ব্রাস ব্যান্ড**: শূন্যপদ ১৮টি (পশ্চিমবঙ্গে ২টি, অন্ধ্রপ্রদেশে ১টি, অসমে ১টি, বিহারে ১টি, গুজরাটে ১টি, কর্ণাটকে ২টি, কেরলায় ১টি, মহারাষ্ট্রে ১টি, মধ্যপ্রদেশে ১টি, পাঞ্জাবে ১টি, রাজস্থানে ১টি, তামিলনাড়ুতে ২টি, তেলেঙ্গানায় ১টি, উত্তরপ্রদেশে ২টি)। **বিউগুলার**: শূন্যপদ ১১টি (পশ্চিমবঙ্গে ১টি, বিহারে ১টি, কর্ণাটকে ১টি, মহারাষ্ট্রে ১টি, মধ্যপ্রদেশে ১টি, তামিলনাড়ুতে ৩টি, উত্তরপ্রদেশে ২টি)। **হেয়ার ড্রেসার**: শূন্যপদ ৩টি (বিহারে ১টি, মহারাষ্ট্রে ১টি, উত্তরপ্রদেশে ১টি)। **মালি**: শূন্যপদ ১টি (উত্তরপ্রদেশে)। **পাইপ ব্যান্ড**: শূন্যপদ ১৬টি (পশ্চিমবঙ্গে ১টি, অন্ধ্রপ্রদেশে ১টি, বিহারে ১টি, গুজরাটে ১টি, ঝাড়খন্ডে ১টি, কর্ণাটকে ১টি, মহারাষ্ট্রে ২টি, মধ্যপ্রদেশে ১টি, ওড়িশায় ১টি, রাজস্থানে ১টি, তামিলনাড়ুতে ১টি, তেলেঙ্গানায় ১টি, উত্তরপ্রদেশে ৩টি)। **পেইন্টার**: শূন্যপদ ১টি (উত্তরপ্রদেশে)। **টেইলর**: শূন্যপদ ২টি (মহারাষ্ট্রে ১টি, উত্তরপ্রদেশে ১টি)। **ওয়াটার ক্যারিয়ার**: শূন্যপদ ২৭টি (পশ্চিমবঙ্গে ২টি, অন্ধ্রপ্রদেশে ১টি, অসমে ১টি, বিহারে ২টি, ছত্রিশগড়ে ১টি, গুজরাটে ১টি, হরিয়ানায় ১টি, ঝাড়খন্ডে ১টি, কর্ণাটকে ১টি, কেরলায় ১টি, মহারাষ্ট্রে ২টি, মধ্যপ্রদেশে ২টি, নাগাল্যান্ডে ১টি, ওড়িশায় ১টি, পাঞ্জাবে ১টি, রাজস্থানে ১টি, তামিলনাড়ুতে ২টি, তেলেঙ্গানায় ১টি, উত্তরপ্রদেশে ৪টি)।

কনস্টেবল (পাইয়োনিয়ার): মোট শূন্যপদ ২০টি। এরমধ্যে থেকে ম্যাসন: শূন্যপদ ১৩টি (অসং ৫, তঃজাঃ ২, তঃউঃজাঃ ১, ওবিসি ৪, আর্থিকভাবে দুর্বল ১)। ইলেক্ট্রিশিয়ান: শূন্যপদ ৭টি (অসং ৩, তঃজাঃ ১, ওবিসি ২, আর্থিকভাবে দুর্বল ১)।

কনস্টেবল ড্রাইভার পদের ক্ষেত্রে— মাধ্যমিক পাশ প্রার্থীরা ভারি গাড়ি চালানোর বৈধ লাইসেন্সধারী হলে আবেদন করতে পারেন। প্রার্থীকে নিয়োগের সময় ড্রাইভিং টেস্টে সফল হতে হবে। মেকানিক্যাল মোটর ভেহিকল পদের ক্ষেত্রে— কোনও স্বীকৃত বোর্ড/ প্রতিষ্ঠান থেকে দশম শ্রেণি পাশ প্রার্থীরা সঙ্গে ন্যাশনাল/ স্টেট কাউন্সিল ফর ভোকেশনাল ট্রেনিং স্বীকৃত মেকানিক মোটর ভেহিকল ট্রেডের ২ বছরের আইটিআই সার্টিফিকেটধারী হলে এবং সংশ্লিষ্ট ট্রেডে ১ বছরের হাতে-কলমে কাজের অভিজ্ঞতা থাকলে অথবা মেকানিক মোটর ভেহিকল ট্রেডের ৩ বছরের ন্যাশনাল/ স্টেট অ্যাপ্রেন্টিসশিপ সার্টিফিকেটধারী হলে সংশ্লিষ্ট ট্রেডে ১ বছরের হাতে-কলমে কাজের অভিজ্ঞতা থাকলে আবেদন করতে পারেন। পাইওনিয়ার (ম্যাসন/ ইলেক্ট্রিশিয়ান) পদের ক্ষেত্রে— মাধ্যমিক পাশ প্রার্থীরা ম্যাসেনারি/ ইলেক্ট্রিশিয়ানের কাজে ১ বছরের অভিজ্ঞতা থাকালে আবেদন করতে পারেন। সংশ্লিষ্ট ট্রেডের আইটিআই সার্টিফিকেটধারীরা অগ্রাধিকার পাবেন। বাকি সব ট্রেডের ক্ষেত্রে— মাধ্যমিক পাশ প্রার্থীরা সংশ্লিষ্ট ট্রেডে দক্ষ হলে আবেদন করতে পারেন।

বয়স হতে হবে ১-১-২০২৬ তারিখের হিসেবে কনস্টেবল (ড্রাইভার) পদের ক্ষেত্রে ১৮ থেকে ২৭ বছরের মধ্যে এবং কনস্টেবল (মোটর মেকানিক ভেহিকল/ কবলার/ কার্পেন্টার/ টেইলর/ ব্রাস ব্যান্ড/ পাইপ ব্যান্ড/ গার্ডেনার/ বিউগুলার/ পেইন্টার/ কুক/ বার্বার-কাম- হেয়ার ড্রেসার/ ওয়াশারম্যান/ ওয়াশার উইমেন/ ওয়াটার ক্যারিয়ার/ সাফাই কর্মচারি/ ম্যাসন/ প্লাম্বার/ ইলেক্ট্রিশিয়ান) পদের ক্ষেত্রে ১৮ থেকে ২৩ বছরের মধ্যে। তফশিলির ৫, ওবিসিরা ৩ বছর এবং প্রাক্তন সমরকর্মীরা সরকারি নিয়ম অনুযায়ী বয়সের ছাড় পাবেন। মাইনে ২১,১০০ - ৬৯,১০০ টাকা। সঙ্গে অন্যান্য ভাতা ও সুযোগ-সুবিধা।

শারীরিক মাপজোক হতে হবে পুরুষদের ক্ষেত্রে অন্তত ১৭০ (তফশিলি উপজাতি প্রার্থীদের ক্ষেত্রে ১৬২.৫, উত্তর-পূর্বাঞ্চলের তফশিলি উপজাতি প্রার্থীদের ক্ষেত্রে ১৫৭, মাওবাদী অধ্যুষিত এলাকার তফশিলি উপজাতি প্রার্থীদের ক্ষেত্রে ১৬০, গাড়োয়ালি/ কুমায়ুন/ দোগ্রা/ মারাঠি/ জম্মু-কাশ্মীর/ লাদাখ/ অসম/ হিমাচলপ্রদেশের প্রার্থীদের ক্ষেত্রে ১৬৫, ত্রিপুরা/ অরুণাচলপ্রদেশ/ মণিপুর/ মেঘালয়/ মিজোরাম/ নাগাল্যান্ডের প্রার্থীদের ক্ষেত্রে ১৬২.৫, গোর্খা টেরিটোরিয়াল অ্যাডমিনিস্ট্রেশনের অধীনস্থ দার্জিলিং জেলার সাবডিভিশনের (দার্জিলিং, কালিম্পং ও কার্শিয়াংয়ের) প্রার্থীদের ক্ষেত্রে ১৫৭) সেমি। পুরুষদের বুকের ছাতি না-ফুলিয়ে ও ফুলিয়ে যথাক্রমে ৮০ ও ৮৫ (তফশিলি উপজাতি প্রার্থীদের ক্ষেত্রে ৭৬ ও ৮১, গাড়োয়ালি/ কুমায়ুন/ দোগ্রা/ মারাঠি/ জম্মু-কাশ্মীর/ লাদাখ/ অসম/ হিমাচলপ্রদেশের প্রার্থীদের ক্ষেত্রে ৭৮ ও ৮৩, ত্রিপুরা/ অরুণাচলপ্রদেশ/ মণিপুর/ মেঘালয় ইত্যাদি উত্তর-পূর্বাঞ্চলের প্রার্থী ও গোর্খা টেরিটোরিয়াল অ্যাডমিনিস্ট্রেশনের অধীনস্থ দার্জিলিং জেলার সাবডিভিশনের (দার্জিলিং, কালিম্পং ও কার্শিয়াংয়ের) প্রার্থীদের ক্ষেত্রে ৭৭ ও ৮২) সেমি। মহিলাদের ক্ষেত্রে উচ্চতা হতে হবে ১৫৭ (তফশিলি উপজাতি প্রার্থীদের ক্ষেত্রে ১৫০, উত্তর-পূর্বাঞ্চলের তফশিলি উপজাতি প্রার্থীদের ক্ষেত্রে ১৪৭.৫, মাওবাদী অধ্যুষিত এলাকার তফশিলি উপজাতি প্রার্থীদের ক্ষেত্রে ১৪৭.৫, গাড়োয়ালি/ কুমায়ুন/ দোগ্রা/ মারাঠি/ জম্মু-কাশ্মীর/ লাদাখ/ অসম/ হিমাচলপ্রদেশের প্রার্থীদের ক্ষেত্রে ১৫৫, ত্রিপুরা/ অরুণাচলপ্রদেশ/ মণিপুর/ মেঘালয়/ মিজোরাম/ নাগাল্যান্ডের প্রার্থীদের ক্ষেত্রে ১৫২.৫, গোর্খা টেরিটোরিয়াল অ্যাডমিনিস্ট্রেশনের অধীনস্থ দার্জিলিং জেলার সাবডিভিশনের (দার্জিলিং, কালিম্পং ও কার্শিয়াংয়ের) প্রার্থীদের ক্ষেত্রে ১৫২.৫) সেমি। দৃষ্টিশক্তি হতে হবে কনস্টেবল পদের দূরের ক্ষেত্রে ভালো চোখে ৬/৬ এবং খারাপ চোখে ৬/৯, যা কাছের ক্ষেত্রে চশমা ছাড়া ভালো চোখে N6 ও খারাপ চোখে N9 মানের হওয়া চাই। রং চেনার ক্ষমতা হতে হবে ড্রাইভার/ মোটর মেকানিক ভেহিকল পদের ক্ষেত্রে CP-II মানের এবং বাকি সব পদের ক্ষেত্রে CP-III মানের। ভাঙা হাঁটু, চ্যাটালো পায়ের পাতা, শিরাস্ফীতি, তির্যক চাউনি থাকলে আবেদন করবেন না।

প্রার্থীবাছাই হবে শারীরিক মাপজোকের পরীক্ষা, শারীরিক সক্ষমতার পরীক্ষা, কম্পিউটার বেসড পরীক্ষা, ট্রেড/ স্কিল টেস্ট, নথিপত্র যাচাই ও ডাক্তারি পরীক্ষার মাধ্যমে। শারীরিক সক্ষমতার পরীক্ষায় কনস্টেবল (ড্রাইভার/ মোটর মেকানিক ভেহিকল/ গার্ডেনার/ পেইন্টার/ কার্পেন্টার/ ব্রাস ব্যান্ড/ পাইপ ব্যান্ড/ কবলার/ টেইলর/ বিউগুলার পদের পুরুষদের ক্ষেত্রে থাকবে ২৪ মিনিটে ৫ কিমি দৌড় ও মহিলাদের ক্ষেত্রে থাকবে ৮.৩০ মিনিটে ১.৬ কিমি দৌড়। অন্যদিকে কনস্টেবল (কুক/ ওয়ার ক্যারিয়ার/ বার্বার/ হেয়ার ড্রেসার/ ওয়াশারম্যান/ ওয়াশার উইমেন/ সাফাই কর্মচারি পদের পুরুষদের ক্ষেত্রে ১০ মিনিটে ১.৬ কিমি দৌড় ও মহিলাদের ক্ষেত্রে ১২ মিনিটে ১.৬ কিমি দৌড়। কনস্টেবল (পাইওনিয়ান/ ইলেক্ট্রিশিয়ান) পদের পুরুষদের ক্ষেত্রে তাকবে ৯ মিনিটে ১.৬ কিমি দৌড়। কম্পিউটার বেসড পরীক্ষায় থাকবে ২৫ নম্বরের জেনারেল ইন্টেলিজেন্স অ্যান্ড রিজনিং বিষয়ের ২৫টি, ২৫ নম্বরের জেনারেল নলেজ অ্যান্ড জেনারেল অ্যাওয়ারনেস বিষয়ের ২৫টি, ২৫ নম্বরের এলিমেন্টারি ম্যাথমেটিক্স

*......... এরপর ৪ পাতায়*

## ৩,০০৩ অ্যাসিস্ট্যান্ট

*১ পাতার পর ..........*

পাশ। বয়স ১৮ থেকে ৩০ বছর। প্রিজারভেশন অ্যাসিস্ট্যান্ট কাম-গার্ডেন ওভারসিয়ার (পোস্ট কোড-ER10226): শূন্যপদ ৩টি। গ্র্যাজুয়েট বা উচ্চতর পাশ। বয়স হতে হবে ১৮ থেকে ২৭ বছর। সিনিয়র প্রিজারভেশন অ্যাসিস্ট্যান্ট (কোড-ER10326): শূন্যপদ ৬টি (অসং)। গ্র্যাজুয়েট বা উচ্চতর পাশ। বয়স ১৮ থেকে ২৭ বছর। টেকনিক্যাল অ্যাসিস্ট্যান্ট (কোড-ER10426): শূন্যপদ ৪টি। গ্র্যাজুয়েট বা উচ্চতর পাশ। বয়স ১৮ থেকে ৩০ বছর। বটানিক্যাল অ্যাসিস্ট্যান্ট (কোড-ER10526): শূন্যপদ ১টি। গ্র্যাজুয়েট বা উচ্চতর পাশ। বয়স ১৮ থেকে ৩০ বছর। ল্যাবরেটরি অ্যাসিস্ট্যান্ট (পোস্ট কোড-ER10626): শূন্যপদ ৩টি। স্নাতক বা উচ্চতর পাশ। বয়স ১৮ থেকে ২৭ বছর। সায়েন্টিফিক অ্যাসিস্ট্যান্ট (বায়োলজি) (পোস্ট কোড-ER10726): শূন্যপদ ২টি। স্নাতক বা উচ্চতর। বয়স ১৮ থেকে ৩০ বছর। সিনিয়র অ্যাসিস্ট্যান্ট (কেমিস্ট্রি) (কোড-ER10826): শূন্যপদ ১টি। স্নাতক বা উচ্চতর পাশ। বয়স হতে হবে ১৮ থেকে ৩০ বছর। ল্যাবরেটরি অ্যাটেন্ড্যান্ট (কোড-ER10926): শূন্যপদ ১টি। মাধ্যমিক পাশ। বয়স হতে হবে ১৮ থেকে ২৭ বছর। স্টেনোগ্রাফার (গ্রেড-১) (পোস্ট কোড-ER11126): শূন্যপদ ২টি। স্নাতক বা উচ্চতর পাশ। বয়স হতে হবে ১৮ থেকে ৩০ বছর। ফিল্ড অ্যাসিস্ট্যান্ট (পোস্ট কোড-ER11326): শূন্যপদ ৫টি। মাধ্যমিক পাশ। বয়স ১৮ থেকে ২৫ বছর। সায়েন্টিফিক অ্যাসিস্ট্যান্ট (কোড-ER11426): শূন্যপদ ২টি। স্নাতক বা উচ্চতর পাশ। বয়স ২২ থেকে ২৮ বছর। মেকানিক (ইলেক্ট্রিক কাম ল্যাবরেটরি ইকুপমেন্ট) (কোড-ER11526): শূন্যপদ ২টি। উচ্চমাধ্যমিক পাশ। বয়স ১৮ থেকে ২৫ বছর। ড্রাভসম্যান (জুনিয়র) (পোস্ট কোড-ER11626): শূন্যপদ ১টি। উচ্চমাধ্যমিক পাশ। বয়স ১৮ থেকে ২৮ বছর। ফিল্ডম্যান (পোস্ট কোড-ER11726): শূন্যপদ ৯টি। উচ্চমাধ্যমিক পাশ। বয়স হতে হবে ১৮ থেকে ২৭ বছর। ডেপুটি রেজিস্ট্রার (পোস্ট কোড-ER11826): শূন্যপদ ৭টি। উচ্চমাধ্যমিক পাশ। বয়স হতে হবে ১৮ থেকে ২৭ বছর। ল্যাব অ্যাসিস্ট্যান্ট গ্রেড-৩ (জিওফিজিক্স) (পোস্ট কোড-ER11926): শূন্যপদ ২টি। উচ্চমাধ্যমিক পাশ। বয়স হতে হবে ১৮ থেকে ২৫ বছর। টেকনিক্যাল অ্যাসিস্ট্যান্ট (জিওলজি) (পোস্ট কোড-ER12026): শূন্যপদ ১৩টি। স্নাতক বা উচ্চতর পাশ। বয়স হতে হবে ১৮ থেকে ৩০ বছর। জুনিয়র অ্যাসিস্ট্যান্ট (জিওফিজিক্স) (পোস্ট কোড-ER12126): শূন্যপদ ১টি। উচ্চমাধ্যমিক পাশ। বয়স হতে হবে ১৮ থেকে ৩০ বছর। ড্রিলিং অ্যাসিস্ট্যান্ট (গ্রেড-২) (পোস্ট কোড-ER12226): শূন্যপদ ১টি। মাধ্যমিক পাশ। বয়স হতে হবে ১৮ থেকে ২৫ বছর। ড্রিলিং অ্যাসিস্ট্যান্ট গ্রেড-১ (পোস্ট কোড-ER12326): শূন্যপদ ১টি। উচ্চমাধ্যমিক পাশ। বয়স হতে হবে ১৮ থেকে ২৫ বছর। টেকনিক্যাল অপারেটর (ড্রিলিং) (পোস্ট কোড-ER12426): শূন্যপদ ১টি। মাধ্যমিক পাশ। বয়স হতে হবে ১৮ থেকে ২৫ বছর। ল্যাবরেটরি অ্যাসিস্ট্যান্ট গ্রেড-৩ (কেমিক্যাল) (পোস্ট কোড-ER12526): শূন্যপদ ১টি। উচ্চমাধ্যমিক পাশ। বয়স হতে হবে ১৮ থেকে ২৫ বছর। ল্যাব অ্যাসিস্ট্যান্ট গ্রেড-৩ (জিওলজি) (পোস্ট কোড-ER12626): শূন্যপদ ৩টি। উচ্চমাধ্যমিক পাশ। বয়স হতে হবে ১৮ থেকে ২৫ বছর। জুনিয়র টেকনিক্যাল অ্যাসিস্ট্যান্ট (ড্রিলিং) (পোস্ট কোড-ER12726): শূন্যপদ ২৫টি। উচ্চমাধ্যমিক পাশ। বয়স হতে হবে ১৮ থেকে ৩০ বছর। পার্সোনাল অ্যাসিস্ট্যান্ট (পোস্ট কোড-ER12826): শূন্যপদ ৫১টি। স্নাতক বা উচ্চতর পাশ। বয়স হতে হবে ১৮ থেকে ৩০ বছর। অ্যাকাউন্ট্যান্ট (পোস্ট কোড-ER12926): শূন্যপদ ১টি। স্নাতক বা উচ্চতর। বয়স হতে হবে ১৮ থেকে ৩০ বছর। ল্যাব অ্যাসিস্ট্যান্ট গ্রেড-১ (জিওফিজিক্স) (পোস্ট কোড-ER13026): শূন্যপদ ১টি। উচ্চমাধ্যমিক পাশ। বয়স হতে হবে ১৮ থেকে ২৫ বছর। স্টোর ক্লার্ক (পোস্ট কোড-ER13126): শূন্যপদ ৫টি। উচ্চমাদ্যমিক পাশ। বয়স হতে হবে ১৮ থেকে ২৭ বছর। স্টোর অ্যাটেন্ড্যান্ট (পোস্ট কোড-ER13226): শূন্যপদ ৩টি।

*........ এরপর ৪ পাতায়*

https://kaajcareer

## ৯,১৯৫ কনস্টেবল নিচ্ছে

*৩ পাতার পর ..........*

বিষয়ের ২৫টি এবং ২৫ নম্বরের ইংরেজি/ হিন্দি বিষয়ের ২৫টি মাল্টিপল চয়েজ টাইপের প্রশ্ন। উত্তরের জন্য সময় পাবেন ২ ঘণ্টা। নেগেটিভ মার্কিং আছে। প্রতিটি ভুল উত্তরের জন্য ০.২৫ নম্বর কাটা যাবে। প্রশ্ন হবে মাধ্যমিক মানের। পরীক্ষার অ্যাডমিট কার্ড পরীক্ষার শুরুর ১ সপ্তাহ আগে নীচে বলা ওয়েবসাইট থেকে ডাউনলোড করে নিতে হবে। এই অ্যাডমিট কার্ডের ২ কপি রঙিন প্রিন্ট নিয়ে পরীক্ষা কেন্দ্রে যেতে হবে। এতে সফলদের হবে ৫০ নম্বরের ট্রেড টেস্ট। সবশেষে হবে নথিপত্র যাচাই ও ডাক্তারি পরীক্ষা। নথিপত্র যাচাইয়ের সময় ২ কপি রঙিন পাসপোর্ট মাপের ছবি সহ যাবতীয় প্রমাণপত্রের মূল ও সেগুলির স্বপ্রত্যয়িত জেরক্স সঙ্গে নিয়ে যাবেন।

আবেদন করবেন অনলাইনে https://rect.crpf.gov.in/ ওয়েবসাইটের মাধ্যমে, ২০ এপ্রিল থেকে ১৫ মে-র মধ্যে। এরজন্য প্রার্থীর একটি বৈধ ইমেল আইডি ও মোবাইল নম্বর থাকা চাই। অনলাইন আবেদন করতে বসার আগে নিজের পাসপোর্ট মাপের ছবি (৫০ থেকে ১০০ কেবি সাইজের মধ্যে), কালো কালি দিয়ে করা সই (৫০ থেকে ১০০ কেবি সাইজের মধ্যে), অন্যান্য নথিপত্র (১০০ থেকে ৫০০ কেবি সাইজের মধ্যে) স্ক্যান করে রাখবেন। দরখাস্ত করার সময় আপলোড করতে হবে। পরীক্ষার ফি বাবদ দিতে হবে ১০০ টাকা। ফি জমা দেবেন কেবলমাত্র অনলাইনে। ফি পেমেন্ট হয়ে গেলে ই-রিসিপ্টের প্রিন্ট নিয়ে নেবেন। তফশিলি, মহিলা ও প্রাক্তন সমরকর্মীদের এই ফি দিতে হবে না। এবার যাবতীয় তথ্য সঠিকভাবে যাচাই করে সিস্টেম জেনারেটেড অ্যাপ্লিকেশন ফর্মের প্রিন্ট নিয়ে নিজের কাছে রাখবেন। পরে প্রয়োজন হবে। আরও বিস্তারিত জানতে পারবেন ওপরে বলা ওয়েবসাইটে।

## ৩,০০৩ অ্যাসিস্ট্যান্ট

*৩ পাতার পর ..........*

মাধ্যমিক পাশ। বয়স হতে হবে ১৮ থেকে ২৫ বছর। স্টোরকিপার-কাম- কেয়ারটেকার (পোস্ট কোড-ER13326): শূন্যপদ ১টি। উচ্চমাধ্যমিক পাশ। বয়স হতে হবে ১৮ থেকে ২৫ বছর। ল্যাবরেটরি অ্যাসিস্ট্যান্ট (পোস্ট কোড-ER13426): শূন্যপদ ২টি। উচ্চমাধ্যমিক পাশ। বয়স হতে হবে ১৮ থেকে ২৫ বছর। আর্টিস্ট গ্রেড-১ (পোস্ট কোড-ER13526): শূন্যপদ ২২টি। স্নাতক বা উচ্চতর পাশ। বয়স হতে হবে ১৮ থেকে ৩০ বছর। ট্যাক্সিডার্মিস্ট গ্রেড-৩ (পোস্ট কোড-ER13626): শূন্যপদ ৯টি। উচ্চমাধ্যমিক পাশ। বয়স হতে হবে ১৮ থেকে ২৭ বছর। ফিল্ড কালেক্টর (পোস্ট কোড-ER13726): শূন্যপদ ১৭টি। উচ্চমাধ্যমিক পাশ। বয়স হতে হবে ১৮ থেকে ২৭ বছর। মোটর ড্রাইভার (অর্ডিনারি গ্রেড) (পোস্ট কোড-ER13826): শূন্যপদ ১টি। মাধ্যমিক পাশ। বয়স হতে হবে ১৮ থেকে ২৫ বছর। সিনিয়র জুলজিক্যাল অ্যাসিস্ট্যান্ট (পোস্ট কোড-ER13926): শূন্যপদ ১০টি। স্নাতক বা উচ্চতর পাশ। বয়স হতে হবে ১৮ থেকে ৩০ বছর। ফিল্ড অ্যাটেন্ড্যান্ট (মাল্টিটাস্কিং সহ) (পোস্ট কোড-ER14026): শূন্যপদ ১৩টি। মাধ্যমিক পাশ। বয়স হতে হবে ১৮ থেকে ২৫ বছর। ফটোগ্রাফার গ্রেড-৩ (পোস্ট কোড-ER14126): শূন্যপদ ১টি। মাধ্যমিক পাশ। বয়স হতে হবে ১৮ থেকে ২৫ বছর। অফিস অ্যাসিস্ট্যান্ট (মাল্টি টাস্কিং স্টাফ) (পোস্ট কোড-ER14226): শূন্যপদ ১৬টি। মাধ্যমিক পাশ। বয়স হতে হবে ১৮ থেকে ২৫ বছর। সিনিয়র ড্রাফটসম্যান (পোস্ট কোড-ER14326): শূন্যপদ ২টি। উচ্চমাধ্যমিক পাশ। বয়স হতে হবে ১৮ থেকে ৩০ বছর। ফিল্ড-কাম-ল্যাবরেটরি অ্যাটেন্ড্যান্ট (পোস্ট কোড-ER14426): শূন্যপদ ১টি। মাধ্যমিক পাশ। বয়স হতে হবে ১৮ থেকে ২৫ বছর। অ্যাকাউন্ট্যান্ট (পোস্ট কোড-ER14526): শূন্যপদ ১টি। স্নাতক বা উচ্চতর পাশ। বয়স হতে হবে ১৮ থেকে ২৭ বছর।

**নর্থ-ইস্টার্ন রিজিয়নে:** শূন্যপদ ২৫১টি। এরমধ্যে থেকে লাইব্রেরিয়ান (কোড-NER10126): শূন্যপদ ১টি। স্নাতক বা উচ্চতর পাশ। বয়স হতে হবে ১৮ থেকে ২৭ বছরের মধ্যে। জুনিয়র ইঞ্জিনিয়ার (কোড-NER10226): শূন্যপদ ২টি। উচ্চমাধ্যমিক পাশ। বয়স হতে হবে ১৮ থেকে ৩০ বছরের মধ্যে। ফিল্ড অ্যাসিস্ট্যান্ট (কোড-NER10326): শূন্যপদ ২টি। মাধ্যমিক পাশ। বয়স হতে হবে ১৮ থেকে ২৫ বছরের মধ্যে। ফার্মাসিস্ট কাম ক্লার্ক (কোড-NER10426): শূন্যপদ ৩টি। উচ্চমাধ্যমিক পাশ। বয়স হতে হবে ২১ থেকে ২৮ বছরের মধ্যে। ল্যাবরেটরি অ্যাটেন্ড্যান্ট (কোড-NER10526): শূন্যপদ ১টি। মাধ্যমিক পাশ। বয়স হতে হবে ১৮ থেকে ২৭ বছরের মধ্যে। ড্রিলিং অ্যাসিস্ট্যান্ট গ্রেড-১ (কোড-NER10626): শূন্যপদ ৩টি। উচ্চমাধ্যমিক পাশ। বয়স হতে হবে ১৮ থেকে ২৫ বছরের মধ্যে। ড্রিলিং অ্যাসিস্ট্যান্ট গ্রেড-২ (কোড-NER10726): শূন্যপদ ৩টি। মাধ্যমিক পাশ। বয়স হতে হবে ১৮ থেকে ২৫ বছরের মধ্যে। জুনিয়র টেকনিক্যাল অ্যাসিস্ট্যান্ট (কেমিক্যাল)(কোড-NER10826): শূন্যপদ ২টি। স্নাতক বা উচ্চতর পাশ। বয়স হতে হবে ১৮ থেকে ৩০ বছরের মধ্যে। জুনিয়র টেকনিক্যাল অ্যাসিস্ট্যান্ট (জিওলজি) (কোড-NER10926): শূন্যপদ ৫টি। স্নাতক বা উচ্চতর পাশ। বয়স হতে হবে ১৮ থেকে ৩০ বছরের মধ্যে। জুনিয়র টেকনিক্যাল অ্যাসিস্ট্যান্ট (জিওফিজিক্স) (কোড-NER11026): শূন্যপদ ২টি। উচ্চমাধ্যমিক পাশ। বয়স হতে হবে ১৮ থেকে ৩০ বছরের মধ্যে। ল্যাব অ্যাসিস্ট্যান্ট গ্রেড-৩ (কেমিক্যাল) (কোড-NER11126): শূন্যপদ ১টি। উচ্চমাধ্যমিক পাশ। বয়স হতে হবে ১৮ থেকে ২৫ বছরের মধ্যে। ল্যাব অ্যাসিস্ট্যান্ট গ্রেড-৩ (জিওলজি) (কোড-NER11226): শূন্যপদ ২টি। উচ্চমাধ্যমিক পাশ। বয়স হতে হবে ১৮ থেকে ২৫ বছরের মধ্যে। স্টোর অ্যাটেন্ড্যান্ট (কোড-NER11326): শূন্যপদ ১টি। মাধ্যমিক পাশ। বয়স হতে হবে ১৮ থেকে ২৫ বছরের মধ্যে। টেকনিক্যাল অপারেটর (ড্রিলিং) (কোড-NER11426): শূন্যপদ ১টি। মাধ্যমিক পাশ। বয়স হতে হবে ১৮ থেকে ২৫ বছরের মধ্যে। ভোকেশনাল ইনস্ট্রাক্টর (মহিলা ট্রেনিং ছাড়া)-ওয়েল্ডার (কোড-NER11526): শূন্যপদ ১৩টি। স্নাতক বা উচ্চতর পাশ। বয়স হতে হবে ১৮ থেকে ৩০ বছরের মধ্যে। ভোকেশনাল ইনস্ট্রাক্টর (মহিলা ট্রেনিং ছাড়া) উড ওয়ার্ক টেকনিশিয়ান (পূর্বতন কার্পেন্টার)/ প্যাটার্ন মেকার (কোড-NER11626): শূন্যপদ ৩টি। স্নাতক বা উচ্চতর পাশ। বয়স হতে হবে ১৮ থেকে ৩০ বছরের মধ্যে। ভোকেশনাল ইনস্ট্রাক্টর (মহিলা ট্রেনিং ছাড়া)- ফিটার (কোড-NER11726): শূন্যপদ ২৫টি। স্নাতক বা উচ্চতর পাশ। বয়স হতে হবে ১৮ থেকে ৩০ বছরের মধ্যে। ভোকেশনাল ইনস্ট্রাক্টর (মহিলা ট্রেনিং ছাড়া)- মেকানিক রেফ্রিজারেটর অ্যান্ড এয়ার কন্ডিশনিং (কোড-NER11826): শূন্যপদ ৬টি। স্নাতক বা উচ্চতর পাশ। বয়স হতে হবে ১৮ থেকে ৩০ বছরের মধ্যে। ভোকেশনাল ইনস্ট্রাক্টর (মহিলা ট্রেনিং ছাড়া)- শিটমেটাল ওয়ার্কার (কোড-NER11926): শূন্যপদ ১টি। স্নাতক বা উচ্চতর পাশ। বয়স হতে হবে ১৮ থেকে ৩০ বছরের মধ্যে। ভোকেশনাল ইনস্ট্রাক্টর (মহিলা ট্রেনিং ছাড়া)- মিডিউলার বা ফাউন্ড্রিম্যান (কোড-NER12026): শূন্যপদ ২টি। স্নাতক বা উচ্চতর পাশ। বয়স হতে হবে ১৮ থেকে ৩০ বছরের মধ্যে। ভোকেশনাল ইনস্ট্রাক্টর (মহিলা ট্রেনিং ছাড়া)- মোটর মেকানিক ভেহিকল/ মোটর ড্রাইভিং মেকানিক (কোড-NER12126): শূন্যপদ ১৩টি। স্নাতক বা উচ্চতর পাশ। বয়স হতে হবে ১৮ থেকে ৩০ বছরের মধ্যে। ভোকেশনাল ইনস্ট্রাক্টর (মহিলা ট্রেনিং ছাড়া)- মেকানিক ডিজেল (কোড-NER12226): শূন্যপদ ৬টি। স্নাতক বা উচ্চতর পাশ। বয়স হতে হবে ১৮ থেকে ৩০ বছরের মধ্যে। ভোকেশনাল ইনস্ট্রাক্টর (মহিলা ট্রেনিং ছাড়া)- মেকানিক ট্র্যাক্টর (কোড-NER12326): শূন্যপদ ১টি। স্নাতক বা উচ্চতর পাশ। বয়স হতে হবে ১৮ থেকে ৩০ বছরের মধ্যে। ভোকেশনাল ইনস্ট্রাক্টর (মহিলা ট্রেনিং ছাড়া)- ড্রাফটসম্যান (মেকানিক্যাল) বা ইঞ্জিনিয়ারিং ড্রয়িং বা ড্রয়িং অ্যান্ড অ্যারিথমেটিক (কোড-NER12426): শূন্যপদ ৪টি। স্নাতক বা উচ্চতর পাশ। বয়স হতে হবে ১৮ থেকে ৩০ বছরের মধ্যে। ভোকেশনাল ইনস্ট্রাক্টর (মহিলা ট্রেনিং ছাড়া)- ড্রাফটসম্যান (সিভিল) (কোড-NER12526): শূন্যপদ ৪টি। স্নাতক বা উচ্চতর পাশ। বয়স হতে হবে ১৮ থেকে ৩০ বছরের মধ্যে। ভোকেশনাল ইনস্ট্রাক্টর (মহিলা ট্রেনিং ছাড়া)- ওয়ার্কশপ ক্যালকুলেশন অ্যান্ড সায়েন্স (কোড-NER12626): শূন্যপদ ১৩টি। স্নাতক বা উচ্চতর পাশ। বয়স হতে হবে ১৮ থেকে ৩০ বছরের মধ্যে। ভোকেশনাল ইনস্ট্রাক্টর (মহিলা ট্রেনিং ছাড়া)- ইনস্ট্রুমেন্ট মেকানিক (কোড-NER12726): শূন্যপদ ২টি। স্নাতক বা উচ্চতর পাশ। বয়স হতে হবে ১৮ থেকে ৩০ বছরের মধ্যে। ভোকেশনাল ইনস্ট্রাক্টর (মহিলা ট্রেনিং ছাড়া)- টুল অ্যান্ড ডাই মেকার (কোড-NER12826): শূন্যপদ ১টি। স্নাতক বা উচ্চতর পাশ। বয়স হতে হবে ১৮ থেকে ৩০ বছরের মধ্যে। ভোকেশনাল ইনস্ট্রাক্টর (মহিলা ট্রেনিং ছাড়া)- মেন্টেন্যান্স মিলরাইট বা মেকানিক মেশিন টুল মেন্টেন্যান্স (কোড-NER12926): শূন্যপদ ২টি। স্নাতক বা উচ্চতর পাশ। বয়স হতে হবে ১৮ থেকে ৩০ বছরের মধ্যে। ভোকেশনাল ইনস্ট্রাক্টর (মহিলা ট্রেনিং ছাড়া)- মেশিনিস্ট গ্রাইন্ডার (কোড-NER13026): শূন্যপদ ১টি। স্নাতক বা উচ্চতর পাশ। বয়স হতে হবে ১৮ থেকে ৩০ বছরের মধ্যে। ভোকেশনাল ইনস্ট্রাক্টর (মহিলা ট্রেনিং ছাড়া)- টার্নার (কোড-NER13126): শূন্যপদ ১০টি। স্নাতক বা উচ্চতর পাশ। বয়স হতে হবে ১৮ থেকে ৩০ বছরের মধ্যে। ভোকেশনাল ইনস্ট্রাক্টর (মহিলা ট্রেনিং ছাড়া)- মেশিনিস্ট (কোড-NER13226): শূন্যপদ ১১টি। স্নাতক বা উচ্চতর পাশ। বয়স হতে হবে ১৮ থেকে ৩০ বছরের মধ্যে। ভোকেশনাল ইনস্ট্রাক্টর (মহিলা ট্রেনিং ছাড়া) অ্যাটেন্ড্যান্ট অপারেটর কেমিক্যাল প্ল্যান্ট (কোড-NER13326): শূন্যপদ ১টি। স্নাতক বা উচ্চতর পাশ। বয়স হতে হবে ১৮ থেকে ৩০ বছরের মধ্যে। ভোকেশনাল ইনস্ট্রাক্টর (মহিলা ট্রেনিং ছাড়া)- মেন্টেন্যান্স মেকানিক কেমিক্যাল প্ল্যান্ট (কোড-NER13426): শূন্যপদ ১টি। স্নাতক বা উচ্চতর পাশ। বয়স হতে হবে ১৮ থেকে ৩০ বছরের মধ্যে। ভোকেশনাল ইনস্ট্রাক্টর (মহিলা ট্রেনিং ছাড়া)- ইনস্ট্রুমেন্ট মেকানিক কেমিক্যাল প্ল্যান্ট (কোড-NER13526): শূন্যপদ ১টি। স্নাতক বা উচ্চতর পাশ। বয়স হতে হবে ১৮ থেকে ৩০ বছরের মধ্যে। ভোকেশনাল ইনস্ট্রাক্টর (মহিলা ট্রেনিং ছাড়া)- ল্যাবরেটরি অ্যাসিস্ট্যান্ট কেমিক্যাল প্ল্যান্ট (কোড-NER13626): শূন্যপদ ১টি। স্নাতক বা উচ্চতর পাশ। বয়স হতে হবে ১৮ থেকে ৩০ বছরের মধ্যে। ভোকেশনাল ইনস্ট্রাক্টর (মহিলা ট্রেনিং ছাড়া)- কাটিং অ্যান্ড টেলরিং বা সিউয়িং টেকনোলজি (কোড-NER13726): শূন্যপদ ৩টি। স্নাতক বা উচ্চতর পাশ। বয়স হতে হবে ১৮ থেকে ৩০ বছরের মধ্যে। ভোকেশনাল ইনস্ট্রাক্টর (মহিলা ট্রেনিং ছাড়া)- কম্পিউটার অপারেটর অ্যান্ড প্রোগ্রামিং অ্যাসিস্ট্যান্ট (কোড-NER13826): শূন্যপদ ১৩টি। স্নাতক বা উচ্চতর পাশ। বয়স হতে হবে ১৮ থেকে ৩০ বছরের মধ্যে। ভোকেশনাল ইনস্ট্রাক্টর (মহিলা ট্রেনিং ছাড়া)- সোলার টেকনিশিয়ান (কোড-NER13926): শূন্যপদ ৭টি। স্নাতক বা উচ্চতর পাশ। বয়স হতে হবে ১৮ থেকে ৩০ বছরের মধ্যে। ভোকেশনাল ইনস্ট্রাক্টর (মহিলা ট্রেনিং ছাড়া)- কম্পিউটার হার্ডওয়্যার অ্যান্ড নেটওয়ার্ক মেন্টেন্যান্স (কোড-NER14026): শূন্যপদ ৩টি। স্নাতক বা উচ্চতর পাশ। বয়স হতে হবে ১৮ থেকে ৩০ বছরের মধ্যে। ভোকেশনাল ইনস্ট্রাক্টর (মহিলা ট্রেনিং ছাড়া)- টেকনিশিয়ান মেকাট্রনিক্স (কোড-NER14126): শূন্যপদ ২টি। স্নাতক বা উচ্চতর পাশ। বয়স হতে হবে ১৮ থেকে ৩০ বছরের মধ্যে। ভোকেশনাল ইনস্ট্রাক্টর (মহিলা ট্রেনিং ছাড়া)- ইন্টারনেট অফ থিংস (স্মার্ট হেলথকেয়ার বা

*........ এরপর ৫ পাতায়*

https://kaajcareer.in

## ৩,০০৩ অ্যাসিস্ট্যান্ট

*৪ পাতার পর ..........*

স্মার্ট অ্যাগ্রিকালচার বা স্মার্ট সিটি) (কোড-NER14226): শূন্যপদ ৩টি। স্নাতক বা উচ্চতর পাশ। বয়স হতে হবে ১৮ থেকে ৩০ বছরের মধ্যে। ভোকেশনাল ইনস্ট্রাক্টর (মহিলা ট্রেনিং ছাড়া)- ইলেক্ট্রিশিয়ান বা মেন্টেন্যান্স ইলেক্ট্রিশিয়ান (কোড-NER14326): শূন্যপদ ২৫টি। স্নাতক বা উচ্চতর পাশ। বয়স হতে হবে ১৮ থেকে ৩০ বছরের মধ্যে। ভোকেশনাল ইনস্ট্রাক্টর (মহিলা ট্রেনিং ছাড়া)- ইলেক্ট্রনিক্স বা ইলেক্ট্রনিক্স মেকানিক (কোড-NER14426): শূন্যপদ ১৩টি। স্নাতক বা উচ্চতর পাশ। বয়স হতে হবে ১৮ থেকে ৩০ বছরের মধ্যে। মাল্টি টাস্কিং স্টাফ (কোড-NER14526): শূন্যপদ ১৮টি। মাধ্যমিক পাশ। বয়স হতে হবে ১৮ থেকে ২৫ বছরের মধ্যে।

এছাড়া **সেন্ট্রাল রিজিয়নে:** শূন্যপদ ৩৩৪টি। **কর্ণাটক রিজিয়নে:** শূন্যপদ ৩২৪টি। **মধ্যপ্রদেশ রিজিয়নে:** শূন্যপদ ৭৫২টি। **নর্দার্ন রিজিয়নে:** শূন্যপদ ৫৩১টি। **নর্থ-ওয়েস্টার্ন রিজিয়নে:** শূন্যপদ ১৫২টি। **সাউদার্ন রিজিয়নে:** শূন্যপদ ১৪৩টি। **ওয়েস্টার্ন রিজিয়নে:** শূন্যপদ ২৫৮টি।

সবক্ষেত্রেই বয়সের হিসেব করতে হবে ১-১-২০২৬ তারিখের হিসেবে। ১৮ থেকে ২৫ বছর বয়সীদের জন্মতারিখ হতে হবে ২-১-২০০১ থেকে ১-১-২০০৮-এর মধ্যে, ১৮ থেকে ২৭ বছর বয়সীদের জন্মতারিখ হতে হবে ২-১-১৯৯৯ থেকে ১-১-২০০৮-এর মধ্যে, ১৮ থেকে ২৮ বছর বয়সীদের জন্মতারিখ হতে হবে ২-১-১৯৯৮ থেকে ১-১-২০০৮-এর মধ্যে, ১৮ থেকে ৩০ বছর বয়সীদের জন্মতারিখ হতে হবে ২-১-১৯৯৬ থেকে ১-১-২০০৮-এর মধ্যে, ১৮ থেকে ৩৫ বছর বয়ীসেদর জন্মতারিখ হতে হবে ২-১-১৯৯১ থেকে ১-১-২০০৮-এর মধ্যে, ২০ থেকে ২৫ বছর বয়সীদের জন্মতারিখ হতে হবে ২-১-২০০১ থেকে ১-১-২০০৬-এর মধ্যে, ২০ থেকে ৩০ বছর বয়সীদের জন্মতারিখ হতে হবে ২-১-১৯৯৬ থেকে ১-১-২০০৬-এর মধ্যে, ২১ থেকে ২৭ বছর বয়সীদের জন্মতারিখ হতে হবে ২-১-১৯৯ থেকে ১-১-২০০৫-এর মধ্যে, ২১ থেকে ২৮ বছর বয়সীদের জন্মতারিখ হতে হবে ২-১-১৯৯৮ থেকে ১-১-২০০৫-এর মধ্যে, ২২ থেকে ২৮ বছর বয়সীদের জন্মতারিখ হতে হবে ২-১-১৯৯৮ থেকে ১-১-২০০৪-এর মধ্যে, ২৩ থেকে ২৮ বছর বয়সীদের জন্মতারিখ হতে হবে ২-১-১৯৯৮ থেকে ১-১-২০০৩-এর মধ্যে। সবক্ষেত্রেই তফশিলিরা ৫, ওবিসিরা ৩, শারীরিক প্রতিবন্ধী ১০ (তফশিলি হলে ১৫, ওবিসি হলে ১৩) বছর এবং প্রাক্তন সমরকর্মীরা সরকারি নিয়ম অনুযায়ী বয়সের ছাড় পাবেন। এছাড়া বিধবা, বিবাহবিচ্ছিন্না, আইনত পতিসঙ্গহীনা মহিলারা পুনরায় বিবাহ না করে থাকলে ৩৫ (তফশিলি হলে ৪০) বছর বয়স পর্যন্ত আবেদন করতে পারবেন।

প্রার্থীবাছাই হবে কম্পিউটার বেসড পরীক্ষা, স্কিল টেস্ট (টাইপিং/ ডেটা এন্ট্রি/ কম্পিউটার প্রফিসিয়েন্সি টেস্ট ইত্যাদি), নথিপত্র যাচাই ও ডাক্তারি পরীক্ষার মাধ্যমে। কম্পিউটার বেসড পরীক্ষায় থাকবে ৫০ নম্বরের জেনারেল ইন্টেলিজেন্স, ৫০ নম্বরের জেনারেল অ্যাওয়ারনেস, ৫০ নম্বরের কোয়ান্টিটেটিভ অ্যাপ্টিটিউড (বেসিক অ্যারিথমেটিক স্কিল), ৫০ নম্বরের ইংলিশ ল্যাঙ্গুয়েজ (বেসিক নলেজ) বিষয়ের প্রশ্ন। উত্তরের জন্য সময় পাবেন ৬০ মিনিট। নেগেটিভ মার্কিং আছে। প্রতিটি ভুল উত্তরের জন্য ০.৫০ নম্বর কাটা যাবে। ইস্টার্ন রিজিয়নের পরীক্ষা কেন্দ্রগুলি হল— কলকাতা (কোড-৪৪১০), শিলিগুড়ি (৪৪১৫), সিউরি (৪৪১৬), কল্যাণী (৪৪১৯), বর্ধমান (৪৪২২), দুর্গাপুর (৪৪২৬), শ্রী বিজয়াপুরম (কোড-৪৮০২), রাঁচি (৪২০৫), ধানবাদ (৪২০৬), জামশেদপুর (৪২০৭), বালাসোর (৪৬০১), বহরমপুর (ওড়িশা) (৪৬০২), ভুবনেশ্বর (৪৬০৪), কটক (৪৬০৫), সম্বলপুর (৪৬০৯), রৌরকেল্লা (৪৬১০), ধেনকানাল (৪৬১১), গ্যাংটক (৪০০১)। এছাড়া অন্যান্য রিজিয়নের পরীক্ষা কেন্দ্রগুলি পাবেন নীচে বলা ওয়েবসাইটে। কম্পিউটার বেসড পরীক্ষা হতে পারে জুন মাস নাগাদ। মনে রাখবেন নথিপত্র যাচাইয়ের সময় যাবতীয় প্রমাণপত্রের মূলগুলি সঙ্গে নিয়ে যাবেন।

আবেদন করবেন অনলাইনে https://ssc.nic.in ওয়েবসাইটের মাধ্যমে, ৪ মে-র মধ্যে। প্রাথীদের প্রথমে ওয়ানটাইম রেজিস্ট্রেশন করতে হবে। তখন পাবেন রেজিস্ট্রেশন নম্বর ও পাসওয়ার্ড। আবেদনের ফি বাবদ দিতে হবে ১০০ টাকা। জমা দেবেন অনলাইন বা অফলাইনে। অনলাইনে জমা দেবেন ডেবিট/ ক্রেডিট কার্ড বা নেট ব্যাঙ্কিংয়ের মাধ্যেম, ৫ মে-র মধ্যে। এবার যাবতীয় তথ্য সঠিকভাবে যাচাই করে সিস্টেম জেনারেটেড এপ্লিকেশন ফর্মের প্রিন্ট নিয়ে নিজের কাছে রাখবেন। পরে প্রয়োজন হবে। ফি পেমেন্ট সহ আবেদনপত্রে কোনও ভুল থাকলে তা সংশোধন করতে পারবেন ১১ থেকে ১৩ মে-র মধ্যে। এই নিয়োগের বিজ্ঞপ্তি নং: Phase-XIV/2026/Selection Posts. মূল মাইনে, শূন্যপদের বিস্তারিত বিন্যাস সহ আরও বিস্তারিত বিষয়ে জানতে পারবেন ওপরে বলা ওয়েবসাইটে।

---

## ১,০৫৫ মাইনিং সর্দার

*১ পাতার পর ..........*

কাস্ট বা মাটির তলার খনিতে কাজ করার জন্য কোল মাইন রেগুলেশন ২০১৭-র অধীন ডিজিএমএস থেকে প্রাপ্ত বৈধ মাইনিং সর্দারশিপ সার্টিফিকেট অব কম্পিটেন্সি বা উন্মুক্ত এবং ভূগর্ভে কাজ করার যোগ্য প্রমাণিত হয় এমন অন্য যে কোনও মাইনিংয়ের সার্টিফিকেট অব কম্পিটেন্সি থাকতে হবে। এছাড়া বৈধ গ্যাস টেস্টিং সার্টিফিকেট এবং বৈধ ফার্স্ট এইড সার্টিফিকেট থাকতে হবে।

ডেপুটি সার্ভেয়র টেকনিক্যাল অ্যান্ড সুপারভাইজর গ্রেড-সি (মাইনিং): শূন্যপদ ৪৩টি (অসং ১৮, তঃজাঃ ৮, তঃউঃজাঃ ৬, ওবিসি ৭, আর্থিকভাবে কমজোর প্রার্থী ৪)। ক) মাধ্যমিক/ সমতুল পাশ হতে হবে। অথবা মাইনিং/ মাইনিং সার্ভেইং ইঞ্জিনিয়ারিংয়ের ডিগ্রি বা ডিপ্লোমাধারী হতে হবে। সঙ্গে খ) কোল মাইন রেগুলেশন ২০১৭-র অধীন সার্ভেয়র্স সার্টিফিকেট অব কম্পিটেন্সি অথবা সার্ভেয়র হিসেবে খনিতে কাজ করার জন্য কোল মাইন রেগুলেশন ২০১৭-র অধীন অন্য যে কোনও মাইনিংয়ের সার্টিফিকেট থাকতে হবে।

অ্যাসিস্ট্যান্ট ফোরম্যান (ইলেক্ট্রিক্যাল) গ্রেড-সি: শূন্যপদ ৪৩৫টি (অসং ১৭৪, তঃজাঃ ৮৩, তঃউঃজাঃ ৬১, ওবিসি ৭৪, আর্থিকভাবে কমজোর প্রার্থী ৪৩ এবং এসবের মধ্যে থেকে প্রতিবন্ধী ১৭)। ক) মাধ্যমিক/ সমতুল পাশ হতে হবে। খ) সরকার স্বীকৃত ইনস্টিটিউট থেকে ইলেক্ট্রিক্যাল ইঞ্জিনিয়ারিংয়ের ডিপ্লোমা বা সম্পর্কিত ডিপ্লোমা এবং উচ্চতর (অন্তত ৩ বছরের কোর্স) পাশ হতে হবে।

৮ এপ্রিল, ২০২৬ তারিখের হিসেবে বয়স হতে হবে ১৮ থেকে ৩০ বছরের মধ্যে। তফশিলিরা ৫, ওবিসিরা ৩, অসং-প্রতিবন্ধীরা ১০, ওবিসি-প্রতিবন্ধীরা ১৩, তফশিলি-প্রতিবন্ধীরা ১৫ বছর এবং অন্যান্যরা নিয়ম অনুয়ায়ী বয়সের ছাড় পাবেন। কোল ইন্ডিয়া লিমিটেড এবং এর সকল সহায়ক সংস্থায় কর্মরত বিভাগীয় প্রার্থীদের ক্ষেত্রে কোনও বয়সের উর্ধ্বসীমা নেই। বয়সের হিসাব করতে মাধ্যমিক/ সমতুলের সার্টিফিকেট, সকল মার্কশিট বা সমতুল সার্টিফিকেটে উল্লিখিত তারিখটি গ্রাহ্য হবে। বেসিক পে ৪৭,৩৩০.২৫ টাকা। সঙ্গে ডিএ, অ্যাটেন্ড্যান্স বোনাস, বিশেষ ভাতা, বাড়ি ভাড়া ভাতা,পরিবহন খরচ, ইত্যাদি।

প্রার্থিবাছাই হবে কম্পিউটার বেসড টেস্টের মাধ্যমে। কোল ইন্ডিয়া লিমিটেডের বিজ্ঞপ্তি অনুযায়ী ব্যক্তিগত সাক্ষাৎকার হবে না। ১০০ নম্বরেরে কম্পিউটার বেসড টেস্টের জন্য আবেদন করতে হবে। যোগ্যতার বিচার করে আবেদনকারীদের কম্পিউটার বেসড টেস্টে ডাকা হবে। কম্পিউটার বেসড টেস্টে (সিবিটি)-র ফলাফলের ওপর ভিত্তি করে মেধাতালিকা প্রস্তুত করে তালিকাভুক্ত প্রার্থীদের যোগ্যতার বিষয়টি খতিয়ে দেখা হবে। কম্পিউটার বেসড টেস্টে, ইংরিজি/ হিন্দিতে অবজেক্টিভ টাইপ প্রশ্ন থাকবে। সিবিটি-র ২টি সেকশন - সেকশন-'এ' এবং সেকশন 'বি'। সেকশন-'এ'-তে থাকবে সংশ্লিষ্ট ডিসিপ্লিনের ৮০টি মাল্টিপল চয়েস প্রশ্ন (এমসিকিউ)। সেকশন-'বি-তে থাকবে জেনারেল অ্যাওয়্যারনেস/ অ্যাপ্টিটিউড এবং কোল ইন্ডিয়া লিমিটেড বা সাউথ ইস্ট কোলফিল্ডস লিমিটেড সংক্রান্ত ২০টি মাল্টিপল চয়েস প্রশ্ন (এমসিকিউ)। প্রতি প্রশ্নে ১ নম্বর। নেগেটিভ মার্কিং নেই। পরীক্ষার সিলেবাস পাবেন ওয়েবসাইটে। পরীক্ষায় সফল হতে সাধারণ/ আর্থিকভাবে কমজোর প্রার্থীদের অন্তত ৪৫ নম্বর, ওবিসি/ ইডব্লিউএস প্রার্থীদের অন্তত ৪০ নম্বর এবং তফশিলি প্রার্থীদের অন্তত ৩৫ নম্বর পেতে হবে। সিবিটি-র ফলাফল প্রকাশিত হবে সাউথ ইস্টার্ন কোলফিল্ডস লিমিটেডের ওয়েবসাইটে। দুই প্রার্থীর একই নম্বর হলে - জন্ম তারিখ, বেশি বয়সের ভিত্তিতে বাছাই করা হবে। চূড়ান্ত মেদতালিকা প্রস্তুত করা হবে সিবিটি-র নম্বরের ভিত্তিতে। প্রার্থিবাছাই সংক্রান্ত সবিস্তার তথ্য পাবেন ওয়েবসাইটে। নিয়োগের আগে স্বাস্থ্য / চিকিৎসাগত যোগ্যতা যাচাই করা হবে। পরীক্ষা হবে অনলাইন আবেদেনে উল্লিখিত শহর/ শহরগুলিতে। অন্তত ৩টি শহরের নাম পছন্দ করতে হবে।

কম্পিউটার বেসড টেস্টের তারিখ, কবে অ্যাডমিট কার্ড ডাউনলোড করতে পারবেন, কবে পরীক্ষার ফল প্রকাশিত হবে -এসব বিষয়ে বিস্তারিত জানানো হবে সংস্থার অফিসিয়াল ওয়েবসাইটে।

আবেদনের ফি বাবদ কেবল অসংরক্ষিত/ ওবিসি (এনসিএল) এবং ইডব্লিউএস প্রার্থীদের দিতে হবে ১,০০০ টাকা + সঙ্গে ১৮ শতাংশ জিএসটি = মোট ১,১৮০ টাকা। বাকি প্রার্থীদের আবেদনে ফি দিতে হবে না।

অনলাইনে রেজিস্ট্রেশন এবং আবেদনের ফর্ম জমা দেবেন https://secl-cil.in/ ওয়েবসাইটের 'কেরিয়ার' এবং সেখান থেকে বিভিন্ন পদে সরাসরি নিয়োগের বিজ্ঞপ্তিতে গিয়ে, ১৪ মে, ২০২৬ তারিখের মধ্যে। এরজন্য প্রার্থীর একটি বৈধ ই-মেইল আইডি এবং একটি মোবাইল নম্বর থাকা চাই। বিজ্ঞপ্তি পাবেন ইংরিজি এবং হিন্দিতে। অনলাইন আবেদন করার সময় আবেদনের তারিখ থেকে গত ৩ সপ্তাহের মধ্যে তোলা (জেপিজি/ জেপিইজি ফর্ম্যাটে) করা রঙিন ছবির স্ক্যান, (জেপিজি/ জেপিইজি ফর্ম্যাটে) কালো কালিতে করা সই, (জেপিজি/ জেপিইজি ফর্ম্যাটে বা পিডিএফ ফর্ম্যাটে) করা মাধ্যমিক/ সমতুল থেকে (ডিপ্লোমা ইত্যাদি) যাবতীয় শিক্ষাগত যোগ্যতার প্রমাণপত্রের স্ক্যান, (জেপিজি/ জেপিইজি ফর্ম্যাটে বা পিডিএফ ফর্ম্যাটে) করা ইলেক্ট্রিক্যাল ইঞ্জিনিয়ারিংয়েরডিপ্লোমাবাসম্পর্কিত ডিপ্লোমা এবং উচ্চতর (অন্তত ৩ বছরের) কোর্সের প্রমাণপত্রের স্ক্যান, (জেপিজি/ জেপিইজি ফর্ম্যাটে বা পিডিএফ ফর্ম্যাটে) করা কাস্ট/ ইডব্লিউএস/ প্রাঃসঃকঃ/ প্রতিবন্ধকতা সার্টিফিকেটের স্ক্যান, (জেপিজি/ জেপিইজি ফর্ম্যাটে বা পিডিএফ ফর্ম্যাটে) করা কম্পিটেন্সি সার্টিফিকেটের স্ক্যান, (জেপিজি/ জেপিইজি ফর্ম্যাটে বা পিডিএফ ফর্ম্যাটে) করা গ্যাস টেস্টিং অ্যান্ড ফার্স্ট এইড সার্টিফিকেটের স্ক্যান, ইত্যাদি আপলোড করতে হবে। যাবতী প্রয়োজনীয় তথ্য দিয়ে রেজিস্ট্রার করবেন। রেজিস্ট্রেশন সফল হলে ই-মেইলে বা মোবাইলে আসা ইউজার আইডি এবং পাসওয়ার্ড পরীক্ষা করে নেবেন। পুনরায় লগইন করার সময় লাগবে। আবেদনের পদ্ধতি পাবেন ওয়েবসাইটে। এই নিয়োগ বিজ্ঞপ্তির রেফারেন্স নং SECL/HR/MP/ Recruitment/2026/166. আরও বিস্তারিত তথ্য পাবেন ওয়েবসাইটে।

---

## ৩৩০ এক্সিকিউটিভ ট্রেনি

*১ পাতার পর ..........*

সিভিলে ৩৫টি (অসং ১৩, তঃজাঃ ৬, তঃউঃজাঃ ৩, ওবিসি ১০, ইডব্লিউএস ৩)।

বৈধ গেট (GATE) ২০২৪/ ২০২৫/ ২০২৬ স্কোর কার্ডধারী প্রার্থীরা সঙ্গে এআইসিটিই/ ইউজিসি স্বীকৃত বিশ্ববিদ্যালয়/ ইনস্টিটিউট থেকে ওপরে বলা ৬টি নির্ধারিত শাখার যে কোনও একটিতে অন্তত ৬০ শতাংশ নম্বর নিয়ে পাশ করা বি.ই./ বি.টেক./ বি.এসসি. (ইঞ্জিনিয়ারিং) ডিগ্রিধারী অথবা ৫ বছরের ইন্টিগ্রেটেড

*......... এরপর ৬ পাতায়*

## ৩৩০ এক্সিকিউটিভ ট্রেনি

*৫ পাতার পর ..........*

এম.টেক. ডিগ্রিধারী হলে আবেদন করতে পারেন। ডিগ্রিগুলি পুরো সময়ের অন-ক্যাম্পাস ডিগ্রি হতে হবে। চিঠিপত্র, দূরশিক্ষা, আংশিক সময়ের এবং গবেষণাভিত্তিক ডিগ্রি গ্রহণযোগ্য নয়। যাঁরা ফাইনালের ফল প্রকাশের অপেক্ষায় আছেন বা ২০২৬ সালে যাঁরা শেষ সেমিস্টার/ বর্ষের পরীক্ষায় অংশগ্রহণ করছেন, তাঁরাও আবেদন যোগ্য। তবে নির্বাচিত হলে ৩০ নভেম্বর ২০২৬ তারিখের মধ্যে অন্তত ৬০ শতাংশ নম্বরসহ চূড়ান্ত ফলাফল দাখিল করতে হবে।

মেকানিক্যাল ডিসিপ্লিনে– মেকানিক্যাল, প্রোডাকশনের ইঞ্জিনিয়ারিং ডিগ্রিধারীরা, কেমিক্যাল ডিসিপ্লিনে- কেমিক্যাল, ইলেক্ট্রোকেমিক্যাল ইঞ্জিনিয়ারিং ডিগ্রিধারীরা, ইলেক্ট্রিক্যাল ডিসিপ্লিনে- ইলেক্ট্রিক্যাল, ইলেক্ট্রিক্যাল অ্যান্ড ইলেক্ট্রনিক্স ইঞ্জিনিয়ারিং ডিগ্রিধারীরা, ইলেক্ট্রনিক্স ডিসিপ্লিনে- ইলেক্ট্রনিক্স, ইলেক্ট্রিক্যাল, ইলেক্ট্রনিক্স অ্যান্ড কমিউনিকেশন, ইলেক্ট্রনিক্স অ্যান্ড টেলিকমিউনিকেশন, ইলেক্ট্রনিক্স অ্যান্ড কন্ট্রোলস, ইলেক্ট্রনিক্স অ্যান্ড ইনস্ট্রুমেন্টেশন, ইলেক্ট্রিক্যাল অ্যান্ড ইলেক্ট্রনিক্স, ইলেক্ট্রনিক্স সিস্টেম ইঞ্জিনিয়ারিং –এর ডিগ্রিধারীরা, ইনস্ট্রুমেন্টেশন ডিসিপ্লিনে- ইনস্ট্রুমেন্টেশন, ইনস্ট্রুমেন্টেশন অ্যানাড কন্ট্রোল, অ্যাপ্লায়েড ইলেক্ট্রনিক্স অ্যান্ড ইনস্ট্রুমেন্টেশন ইঞ্জিনিয়ারিং, ইলেক্ট্রনিক্স অ্যান্ড ইনস্ট্রুমেন্টেশন –এর ডিগ্রিধারীরা এবং সিভিল ডিসিপ্লিনে- সিভিল ইঞ্জিনিয়ারিংয়ের ডিগ্রিধারীরা আবেদন করতে পারবেন।

৩০ এপ্রিল ২০২৬ তারিখের হিসেবে সাধারণ/ ইডব্লিউএস প্রার্থীদের বয়স হতে হবে ২৬ বছরের মধ্যে। কাজেই জন্ম হতে হবে ৩০ এপ্রিল ২০০৪ তারিখের পরে। তফশিলিরা ৫ বছর (কাজেই জন্ম হতে হবে ৩০ এপ্রিল ১৯৯৫ তারিখের পর), ওবিসিরা ৩ বছর (কাজেই জন্ম হতে হবে ৩০ এপ্রিল ১৯৯৭ তারিখের পর), সাধারণ-প্রতিবন্ধীরা ১০ বছর (কাজেই জন্ম হতে হবে ৩০ এপ্রিল ১৯৯০ তারিখের পর), ওবিসি-প্রতিবন্ধীরা ১৩ বছর (কাজেই জন্ম হতে হবে ৩০ এপ্রিল ১৯৮৭ তারিখের পর), তফশিলি-প্রতিবন্ধীরা ১৫ বছর (কাজেই জন্ম হতে হবে ৩০ এপ্রিল ১৯৮৫ তারিখের পর), প্রাঃসংকঃ/ ডিইপি ১৯৮৪ প্রার্থীরা ৫ বছর (জন্ম হতে হবে ৩০ এপ্রিল ১৯৯৫ তারিখের পর) বয়সের ছাড় পাবেন। এনপিসিআইএল –এ কর্মরতদের ক্ষেত্রে বয়সের উর্ধ্বসীমা নেই।

ট্রেনিংয়ের সময় স্টাইপেন্ড পাবেন ৭৪,০০০ টাকা। সঙ্গে এককালীন বই ভাতা ৩০,০০০ টাকা। আবাসন এবং খাবারের ব্যবস্থা করবে এনপিসিআইএল (বাধ্যতামূলক)।

সায়েন্টিফিক অফিসার/ সি (গ্রুপ-এ) পদে নিয়োগ হলে পে লেভেল ১০ অনুযায়ী মাইনে ৫৬,১০০ টাকা। সঙ্গে ৫৮ শতাংশ ডিএ + পরিবহন ভাতা + বাড়ি ভাড়া ভাতা + সাইট লোকেশন ভাতা, পেশাগত আপডেট ভাতা, এলটিএ, চিকিৎসা (CHSS), শিশু শিক্ষা সহায়তা, পারফরম্যান্স লিঙ্কড ইনসেনটিভ, ইপিএফ, গ্রাচুইটি, গ্রুপ ইনসুরেন্স এবং NPCIL নির্ধারিত কনট্রিবিউশন পেনশন স্কিম ২০২৫।

পার্সোনাল ইন্টারভিউয়ের জন্য প্রার্থিবাছাই হবে গেট ২০২৪/ ২০২৫/ ২০২৬ স্কোরের ভিত্তিতে। পার্সোনাল ইন্টারভিউয়ের জন্য (বিষয় এবং ক্যাটাগরি অনুযায়ী) শূন্যপদের ১২ গুণ প্রার্থীকে ডাকা হবে। চূড়ান্ত বাছাই হবে ইন্টারভিউয়ের নম্বর এবং শারীরিক সুস্থতার ভিত্তিতে। ২০২৬ –এর ৮ থেকে ১২৯ জুন পার্সোনাল ইন্টারভিউ হবে মুম্বইয়ে, উত্তর প্রদেশে, তামিলনাড়ুতে এবং কর্নাটকে। সফল হতে সাধারণ প্রার্থীদের অন্তত ৭০ শতাংশ এবং বাকিদের অন্তত ৬০ শতাংশ নম্বর পেতে হবে। একাধিক প্রার্থীর একই গেট স্কোর হলে সেক্ষেত্রে, উচ্চতর গেট স্কোর/ বেশি বয়সের ভিত্তিতে বাছাই করা হবে। শারীরিক সুস্থতা বাধ্যতামূলক। প্রথমে ১ বছরের ওরিয়েন্টেশন ট্রেনিং হবে এনপিসিআইএল –এর কোনও একটি নিউক্লিয়ার ট্রেনিং সেন্টারে। মেকানিক্যাল, কেমিক্যাল, ইলেকট্রিক্যাল, ইলেকট্রনিক্স এবং ইনস্ট্রুমেন্টেশন বিষয়ের প্রার্থীদের –প্রশারাইজড হেভি ওয়াটার রিয়্যাক্টর (PHWR) অথবা লাইট ওয়াটার রিয়্যাক্টর (LWR) –এর মধ্যে একটি রিয়্যাক্টর স্ট্রিম পছন্দ করতে হবে। সিভিল বিষয়ের প্রার্থীদের কোনও সিয়্যাক্টর স্ট্রিম পছন্দ করতে হবে না। সফল ট্রেনিং শেষে সায়েন্টিফিক অফিসার/ গ্রুপ-এ পদের প্রার্থীদের ১ বছরের প্রবেশন।

আবেদনের ফি সাধারণ/ ইডব্লিউএস/ ওবিসি (পুরুষ) প্রার্তীদের জন্য ৫০০ টাকা। মহিলা/ তফশিলি/ প্রতিবন্ধী/ প্রাঃসংকঃ/ এনপিসিআইএল কর্মচারী/ DODP-KIA প্রার্থীদের কোনও ফি দিতে হবে না। ফি দেবেন ডেবিট কার্ড/ ক্রেডিট কার্ড/ নেট ব্যাঙ্কিং/ ইউপিআই –এর সাহায্যে, ইন্টিগ্রেটেড পেমেন্ট গেটওয়ের মাধ্যমে।

আবেদন করবেন অনালইন www.npcilcareers.co.in ওয়েবসাইটের, অনলাইন রেজিস্ট্রেশন –এ ক্লিক করে, ৩০ এপ্রিল, বিকেল ৪টের মধ্যে। আবেদনের সময় (অ্যাডমিট কার্ডে উল্লিখিত) গেট রেজিস্ট্রেশন নং, ডিসিপ্লিন, ব্যক্তিগত তথ্য এবং ক্যাটেগরি দিতে হবে। রেজিস্টার্ড ইমেলে একটি অ্যাক্টিভেশন লিঙ্কে আসবে। তখন অ্যাক্টিভেশন লিঙ্কে ক্লিক করে লগইন করবেন এবং শিক্ষাগত যোগ্যতা, (থাকলে) অভিজ্ঞতা, ব্যক্তিগত তথ্য, সাক্ষাৎকারের শহর, (প্রযোজ্য হলে) রিয়্যাক্টর স্ট্রিম, এবং স্ক্যান করা ছবি (জেপিইজি ফর্ম্যাটে, ৫০ কেবি সাইজের মধ্যে), সই (জেপিইজি ফর্ম্যাটে, ২০ কেবি সাইজের মধ্যে) আপলোড করবেন। এরপর দরখাস্ত জমা করবেন। জমা করার পর কোনও পরিবর্তন করা যাবে না। আরও অনেক বিস্তারিত তথ্য পাবেন ওয়েবসাইটে।

## ১১৭ অফিসার

*১ পাতার পর ..........*

কর্মীদের নির্ভরশীল পরিবারের যোগ্য কোনও একজন সদস্য আবেদন করতে পারেন। শূন্যপদের সংখ্যা কমতে বা বাড়তে পারে। নিয়োগ হবে আসাম রাইফেলস কমপ্যাশনেট গ্রাউন্ড অ্যাপয়েন্টমেন্ট রিক্রুটমেন্ট রালি ২০২৬ –এর মাধ্যমে।

নিয়োগের জন্য Lokhra (Assam) –এ রালি হতে পারে ২০২৬ –এর জুলাই/ আগস্ট মাসে। যোগ্য বিবেচিত প্রার্থীদের সঠিক তারিখ ও রালিতে যোগদানের সময় জানানো হবে রেজিস্টার্ড পোস্ট বা মেইল –এর মাধ্যমে এবং পরবর্তীতে অফিসিয়াল ওয়েবসাইটে।

রাইফেলম্যান/ রাইফেলউইম্যান (জেনারেল ডিউটি) (পুরুষ ও মহিলা): শূন্যপদ ৯৫টি। ওয়ারেন্ট অফিসার সাইফার (পুরুষ): শূন্যপদ ৬টি। হাবিলদার ক্লার্ক (মহিলা ও পুরুষ): শূন্যপদ ৩টি। রাইফেলম্যান ইলেক্ট্রিক্যাল ফিটার সিগন্যাল (পুরুষ): শূন্যপদ ২টি। রাইফেলম্যান লাইনম্যান ফিল্ড (পুরুষ): শূন্যপদ ১টি। রাইফেলম্যান আর্মোরার (পুরুষ): শূন্যপদ ২টি। রাইফেলম্যান রিকভারি ভেইকেল মেকানিক (পুরুষ): শূন্যপদ ১টি। রাইফেলম্যান ইলেক্ট্রিশিয়ান মেকানিক ভেইকেল (পুরুষ): শূন্যপদ ১টি। রাইফেলম্যান মেটালস্মিথ (পুরুষ): শূন্যপদ ১টি। রাইফেলম্যান মেসন (পুরুষ): শূন্যপদ ২টি। রাইফেলম্যান স্টোর কিপার টেকনিক্যাল (পুরুষ) (ইলেক্ট্রিক্যাল মেকানিক্যাল ইঞ্জিনিয়ার): শূন্যপদ ১টি। রাইফেলম্যান ভেইকেল মেকানিক (পুরুষ): শূন্যপদ ১টি। রাইফেলম্যান ইঞ্জিনিয়ার ইকুপমেন্ট মেকানিক (পুরুষ): শূন্যপদ ১টি।

০১-০১-২০২৬ তারিকের হিসেবে বয়স হতে হবে ১৮ থেকে ২৫ বছরের মধ্যে। নিয়ম অনুযায়ী বয়সের ছাড় পাবেন। মাইনে ও ভাতা আসাম রাইফেলস পার্সোনেলদের মতো।

উচ্চতা ও শারীরিক মাপজোক:- সারা দেশের সব ক্যাটেগরির পুরুষ প্রার্থীদের উচ্চতা অন্তত ১৭০ সেমি ও মহিলা প্রার্থীদের উচ্চতা অন্তত ১৫৭ সেমি হতে হবে। পুরুষ প্রার্থীদের বুকের ছাতি না-ফুলিয়ে ও ফুলিয়ে যথাক্রমে ৮০ ও ৮৫ সেমি। উত্তর-পূবের রাজ্যের তফসিলি উপজাতি পুরুষ প্রার্থীদের উচ্চতা অন্তত ১৬২.৫ সেমি ও মহিলা প্রার্থীদের উচ্চতা অন্তত ১৫০ সেমি হতে হবে। পুরুষ প্রার্থীদের বুকের ছাতি না-ফুলিয়ে ও ফুলিয়ে যথাক্রমে ৭৬ ও ৮১ সেমি। উত্তর-পূবের রাজ্যের তফসিলি পুরুষ প্রার্থীদের উচ্চতা অন্তত ১৫৭ সেমি ও মহিলা প্রার্থীদের উচ্চতা অন্তত ১৪৭.৫ সেমি হতে হবে। পুরুষ প্রার্থীদের বুকের ছাতি না-ফুলিয়ে ও ফুলিয়ে যথাক্রমে ৭৬ ও ৮১ সেমি। বামপন্থী উগ্রবাদ-আক্রান্ত জেলাগুলির তফসিলি পুরুষ প্রার্থীদের উচ্চতা অন্তত ১৬০ সেমি ও মহিলা প্রার্থীদের উচ্চতা অন্তত ১৪৭.৫ সেমি হতে হবে। পুরুষ প্রার্থীদের বুকের ছাতি না-ফুলিয়ে ও ফুলিয়ে যথাক্রমে ৭৬ ও ৮১ সেমি। গাড়য়ালি, কুমায়ুনি, দগরা, মারাঠা এবং আসাম, হিমাচল প্রদেশ, জম্মু ও কাশ্মীর এবং লাদাখের পুরুষ প্রার্থীদের উচ্চতা অন্তত ১৬৫ সেমি ও মহিলা প্রার্থীদের উচ্চতা অন্তত ১৫৫ সেমি হতে হবে। পুরুষ প্রার্থীদের বুকের ছাতি না-ফুলিয়ে ও ফুলিয়ে যথাক্রমে ৭৮ ও ৮৩ সেমি। অরুণাচল প্রদেশ, মণিপুর, মেঘালয়, মিজোরাম, নাগাল্যান্ড, সিকিম, ত্রিপুরা এবং গোর্কা টেরিটেরিয়াল অ্যাডমিনিস্ট্রেশনের পুরুষ প্রার্থীদের উচ্চতা অন্তত ১৬২.৫ সেমি ও মহিলা প্রার্থীদের উচ্চতা অন্তত ১৫২.৫ সেমি হতে হবে। পুরুষ প্রার্থীদের বুকের ছাতি না-ফুলিয়ে ও ফুলিয়ে যথাক্রমে ৭৭ ও ৮২ সেমি। এছাড়া দার্জিলিং জেলার ৩টি সাব-ডিভিশনের (বিস্তারিত ওয়েবসাইটে) পুরুষ প্রার্থীদের উচ্চতা অন্তত ১৫৭ সেমি ও মহিলা প্রার্থীদের উচ্চতা অন্তত ১৫২.৫ সেমি হতে হবে। পুরুষ প্রার্থীদের বুকের ছাতি না-ফুলিয়ে ও ফুলিয়ে যথাক্রমে ৭৭ ও ৮২ সেমি।

আবেদন করবেন নির্ধারিত বয়ান পূরণ করে, অফলাইনে বা ই-মেইলে ১১ মে. ২০২৬ তারিখের মধ্যে। আবেদনপত্রের সঙ্গে দিতে হবে এসবের স্ব-প্রত্যয়িত ফটো কপি:- শিক্ষাগত যোগ্যতার যাবতীয় প্রমাণপত্র, বাসিন্দা প্রমাণপত্র, কাস্ট সার্টিফিকেট, সংশ্লিষ্ট ট্রেডের ডিপ্লোমা/ টেকনিক্যাল/ আইটিআই সার্টিফিকেট এবং (আধার/ প্যান/ ভোটার/ ড্রাইভিং লাইসেন্স)-এর মতো কোনও সচিত্র পরিচয়পত্র। জমা করতে হবে এই ঠিকানায়: DIRECTORATE GENERAL ASSAM RIFLES (RECRUITMENT BRANCH) LAITKOR, SHILLONG MEGHALAYA – 793010. ইমেইল- rectbrdgar@gmail.com. অফিসিয়াল ওয়েবসাইট www.assamrifles.gov.in । সব বিষয়ে বিস্তারিত তথ্য পাবেন ওয়েবসাইটে।

## কয়েকশো মিউজিশিয়ান

*১ পাতার পর ..........*

বোর্ড অফ সেকেন্ডারি এডুকেশন স্বীকৃত প্রতিষ্ঠান থেকে মোট অন্তত ৫০ শতাংশ নম্বর নিয়ে মাধ্যমিক পাশ প্রার্থীরা আবেদন করতে পারেন। জন্মতারিখ হতে হবে ১-৭-২০০৪ থেকে ৩১-১২-২০০৮-এর মধ্যে। শুধুমাত্র অবিবাহিত পুরুষ এবং অবিবাহিত মহিলা প্রার্থীরা ভারতীয় নৌবাহিনীতে (আইএন) অগ্নিবীর হিসেবে নথিভুক্তির যোগ্য। নথিভুক্তির সময় প্রার্থীদের অবিবাহিত মর্মে একটি প্রত্যয়নপত্র জমা দিতে হবে। ভারতীয় নৌবাহিনীতে চার বছরের সম্পূর্ণ কার্যকাল চলাকালীন অগ্নিবীরদের বিবাহ করার অনুমতি দেওয়া হবে না। কার্যকালীন সময়ে কোনো প্রার্থী বিবাহ করলে অথবা অবিবাহিত মর্মে প্রত্যয়নপত্র প্রদান করা সত্ত্বেও পূর্বে বিবাহিত বলে প্রমাণিত হলে তাকে চাকরি থেকে বরখাস্ত করা হবে।

প্রার্থীর সঙ্গীতের প্রতি দক্ষতা ও আগ্রহ থাকতে হবে এবং তাল, সুর ও লয়ের সাথে সংগতি রেখে একটি সম্পূর্ণ গান গাওয়ার সামর্থ্য থাকতে হবে। এছাড়াও ভারতীয় বা বিদেশি উৎসের যেকোনো বাদ্যযন্ত্রে বাস্তব ও ব্যবহারিক দক্ষতা থাকতে হবে, যার মধ্যে অন্তর্ভুক্ত রয়েছে — যন্ত্র সুর মেলানো, অজানা সুর যন্ত্রে চিহ্নিত করা, প্রস্তুতকৃত অংশ বাজানো, ভারতীয় শাস্ত্রীয় / ট্যাবুলেচার / স্টাফ নোটেশনের সাইট রিডিং, স্কেল / রাগ / তাল পরিবেশন এবং ভারতীয় বা আন্তর্জাতিক সংগীতের মৌলিক তত্ত্বজ্ঞান। এছাড়া প্রার্থীদের কী-বোর্ড / স্ট্রিং / উইন্ড ইনস্ট্রুমেন্ট অথবা ভারতীয় বা বিদেশি উৎসের যেকোনো অন্য বাদ্যযন্ত্রে এক বা একাধিক যন্ত্রে দক্ষতার সাথে পারদর্শি হতে হবে। তবে যে সকল প্রার্থী অনির্দিষ্ট পিচ-ইনস্ট্রুমেন্ট যেমন — জ্যাজ ড্রাম সেট, বেস ড্রাম, স্নেয়ার ড্রাম, সাইড ড্রাম, সিম্বাল অথবা বিউগুল বা মনোটোন ইত্যাদি নন-ক্রোমাটিক যন্ত্র এবং কেবলমাত্র একটি সুর বা ড্রোন তৈরি করতে সক্ষম তারা এই নিয়োগ প্রক্রিয়ায় যোগ্য বলে বিবেচিত হবেন না। পাশাপাশি যে সকল প্রার্থী উইন্ড ইনস্ট্রুমেন্টে হিন্দুস্তানি বা কর্ণাটিক শাস্ত্রীয় সংগীত পরিবেশন করবেন, তাদের যেকোনো

*......... এরপর ৭ পাতায়*

https://kaajcareer.in

## কয়েকশো মিউজিশিয়ান

৬ পাতার পর ..........

স্বীকৃত সংগীত প্রতিষ্ঠান থেকে সংগীত অভিজ্ঞতার সার্টিফিকেট জমা দিতে হবে বা যে সকল প্রার্থী উইন্ড ইনস্ট্রুমেন্টে ওয়েস্টার্ন নোটেশন বা ওয়েস্টার্ন সংগীত পরিবেশন করবেন, তাদের জন্য লন্ডনের ট্রিনিটি কলেজ অব মিউজিক্‌ড বা রয়্যাল স্কুল অব মিউজিক ইত্যাদির মতো আন্তর্জাতিক বোর্ড থেকে ন্যূনতম প্রাথমিক গ্রেডের সার্টিফিকেট জমা করা বাধ্যতামূলক বা অন্যান্য প্রার্থীদের বিভিন্ন অনুষ্ঠানে অংশগ্রহণ / পুরস্কার প্রাপ্তির সার্টিফিকেট দাখিল করলেও চলবে।

শুরুতে ট্রেনিং হবে ওড়িশার আইএনএস চিলকায়। ট্রেনিং শুরু হবে এবছরের জুলাই মাস থেকে। সফল ট্রেনিং শেষে নিয়োগ হলে নির্দিষ্ট হারে বার্ষিক বৃদ্ধি সহ প্রথম বছর মাইনে মাসে ৩০,০০০ টাকা। এককালীন সেবা নিধি প্যাকেজ (এসএনপি) প্রযোজ্য। কাজেই হাতে পাবেন ২১,০০০ টাকা। একইভাবে দ্বিতীয়, তৃতীয় এবং চতুর্থ বছর মাইনে যথাক্রমে ৩৩,০০০ টাকা (হাতে পাবেন ২৩,১০০ টাকা), ৩৬,৫০০ টাকা (হাতে পাবেন ২৫,৫৫০ টাকা) এবং ৪০,০০০ টাকা (হাতে পাবেন ২৮,০০০ টাকা। ৪ বছরের শেষে কর্পাস ফান্ডে অগ্নিবীরের অবদান ৫.০২ লাখ টাকা এবং ভারত সরকারের অবদান ৫.০২ লাখ টাকা। এছাড়া ৪ বছরের জন্য জীবনবিমা ৪৮ লাখ টাকা ও এককালীন অনুদান। শারীরিক মাপজোক হতে হবে উভয় প্রার্থীদের ক্ষেত্রে উচ্চতায় অন্তত ১৫৭ সেমি।

চার বছরের সেবা সম্পন্ন হওয়ার পর ভারতীয় নৌবাহিনীর প্রয়োজনীয়তা এবং নিয়মের ভিত্তিতে অগ্নিবীরদের ভারতীয় নৌবাহিনীতে পার্মানেন্ট তালিকাভুক্তির জন্য আবেদন করার সুযোগ দেওয়া হবে। এই আবেদনগুলি মানদণ্ডের ভিত্তিতে বিবেচনা করা হবে যার মধ্যে চার বছরের কার্যকাল চলাকালীন কর্মদক্ষতাও অন্তর্ভুক্ত থাকবে এবং অগ্নিবীরদের প্রতিটি নির্দিষ্ট ব্যাচের সর্বোচ্চ ২৫ শতাংশ প্রার্থীকে নাবিক (নিয়মিত বাহিনী) হিসেবে পুনরায় নিযুক্তির জন্য ভারতীয় নৌবাহিনীতে তালিকাভুক্ত করা হবে।

নিয়োগ প্রক্রিয়ার জন্য প্রার্থীদের বাছাই মাধ্যমিক পরীক্ষায় প্রাপ্ত নম্বরের ভিত্তিতে করা হবে। শুধুমাত্র যেসব প্রার্থীদের কাছে বৈধ সঙ্গীত সার্টিফিকেট (ডিগ্রি/ ডিপ্লোমা/ গ্রেড/ প্রতিযোগিতার সার্টিফিকেট) রয়েছে, তাদেরকেই বাছাই প্রক্রিয়ার জন্য বিবেচনা করা হবে। নিয়োগ প্রক্রিয়ার জন্য প্রার্থীদের বাছাই সর্বভারতীয় মেধা তালিকার ভিত্তিতে করা হবে। এরপর থাকবে শারীরিক সক্ষমতা পরীক্ষা, লিখিত পরীক্ষা, সঙ্গীত দক্ষতা পরীক্ষা, নথিপত্র যাচাই ও ডাক্তারি পরীক্ষার মাধ্যমে। যারা শারীরিক সক্ষমতার পরীক্ষা, লিখিত পরীক্ষা এবং সঙ্গীত দক্ষতা পরীক্ষায় উত্তীর্ণ হবেন তাদের নিয়োগ চিকিৎসা পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে। বাছাই পরীক্ষা হতে পারে জুন মাসের প্রথমদিকে। শারীরিক সক্ষমতার পরীক্ষায় পুরুষদের ক্ষেত্রে থাকবে ৬ মিনিট ৩০ সেকেন্ডে (মহিলাদের ক্ষেত্রে ৮ মিনিটে) ১.৬ কিমি দৌড়, ২০টি (মহিলাদের ক্ষেত্রে ১৫টি) ওঠ-বস, ১৫টি (মহিলাদের ক্ষেত্রে ১০টি) পুশ-আপ এবং হাঁটু ভাঁজ করে ১৫ (মহিলাদের ক্ষেত্রে ১০টি) সিট-আপ। লিখিত পরীক্ষায় থাকবে দুটি সেকশন। প্রথম সেকশনে থাকবে সায়েন্স ও ম্যাথমেটিক্স এবং দ্বিতীয় সেকশনে থাকবে জেনারেল অ্যাওয়ারনেস বিষয়ের অবজেক্টিভ মাল্টিপল চয়েজ টাইপের প্রশ্ন। উত্তরের জন্য সময় পাবেন ৩০ মিনিট। চূড়ান্ত বাছাই প্রার্থীদের নামের তালিকা প্রকাশিত হবে জুলাই মাসের প্রথম সপ্তাহ নাগাদ।

আবেদন করবেন অনলাইনে https://www.joinindiannavy.gov.in/ ওয়েবসাইটের মাধ্যমে, ২৬ এপ্রিলের মধ্যে। এরজন্য প্রার্থীর একটি বৈধ ইমেল আইডি ও মোবাইল নম্বর থাকা চাই। অনলাইন আবেদন করতে বসার আগে এখনকার তোলার পাসপোর্ট মাপের ছবি (১০ থেকে ৫০ কেবি সাইজের মধ্যে) স্ক্যান করে রাখবেন। দরখাস্ত করার সময় আপলোড করতে হবে। এবার যাবতীয় তথ্য সঠিকভবে যাচাই করে সিস্টেম জেনারেটেড অ্যাপ্লিকেশন ফর্মের প্রিন্ট নিয়ে নিজের কাছে রখবেন। পরে প্রয়োজন হবে। এছাড়া ৬০ টাকা এবং অতিরিক্ত জিএসটি দিয়ে সারা দেশে কমন সার্ভিস সেন্টারের মাধ্যমেও আবেদনপত্র জমা করতে পারেন। আরও বিস্তারিত জানতে পারবেন ওপরে বলা ওয়েবসাইটে।

## ন্যাশনাল ইনফরমেটিক্স

১ পাতার পর ..........

১)। মাইনে লেভেল ১২ অনুযায়ী ৭৮,৮০০ - ২,০৯,২০০ টাকা।

ফিজিক্স, অ্যাপ্লায়েড ফিজিক্স, ইলেকট্রনিক্স, ইলেকট্রনিক্স অ্যান্ড কমিউনিকেশন, ইলেকট্রনিক্স অ্যান্ড টেলিকমিউনিকেশন, রেডিও ফিজিক্স অ্যান্ড ইলেকট্রনিক্স, কেমিস্ট্রি, অ্যাপ্লায়েড কেমিস্ট্রি,মেটিরিয়াল সায়েন্স, পরিবেশ বিজ্ঞান, কম্পিউটার বিজ্ঞান, কম্পিউটার সায়েন্স অ্যান্ড ইঞ্জিনিয়ারিং, কম্পিউটার ইঞ্জিনিয়ারিং, কম্পিউটার, কমিউনিকেশন, কম্পিউটার অ্যান্ড নেটওয়ার্কিং সিকিউরিটি, কম্পিউটার অ্যাপ্লিকেশন, সফটওয়্যার ইঞ্জিনিয়ারিং, সফটওয়্যার সিস্টেম, তথ্য প্রযুক্তি, তথ্য প্রযুক্তি ব্যবস্থাপনা, ইনফরমেটিক্স, কম্পিউটার ম্যানেজমেন্ট, সাইবার ল, বায়ো-ইনফরমেটিক্স, রিমোট সেন্সিং, জিওগ্রাফিক্যাল ইনফর্মেশন সিস্টেমস (GIS), ভূগোল, গণিত, অ্যাপ্লায়েড ম্যাথমেটিক্স, অপারেশনস রিসার্চ, টোটাল কোয়ালিটি ম্যানেজমেন্ট, স্ট্যাটিস্টিক্স, কম্পিউটেশনাল লিঙ্গুইস্টিক্স, ইনফর্মেশন সায়েন্স, ইনফর্মেশন সায়েন্স অ্যান্ড ইঞ্জিনিয়ারিং, ইলেকট্রিক্যাল, মেকানিক্যাল, সিভিল, প্রোডাকশন, ইন্ডাস্ট্রিয়াল ইলেকট্রনিক্স, ইনস্টুমেন্টেশন, ইলেকট্রনিক্স ও ইনস্টুমেন্টেশন, পাওয়ার ইলেকট্রনিক্স, ডিজাইন -ফিল্ডে (একক বা সমন্বয়ে) বি.ই./ বি.টেক. ডিগ্রিধারী হতে হবে অথবা ডিপার্টমেন্ট অফ ইলেকট্রনিক্স অ্যান্ড অ্যাক্রেডিটেশন অফ কম্পিউটার কোর্স (DOEACC) এর B-লেভেল অথবা ইনস্টিটিউট অফ ইঞ্জিনিয়ার্স-এর অ্যাসোসিয়েট সদস্যপদ অথবা ইলেকট্রনিক্স অ্যান্ড টেলিকমিউনিকেশন ইঞ্জিনিয়ার্স ইনস্টিটিউটের গ্র্যাজুয়েট সদস্যপদ অথবা বিজ্ঞান বিষয়ে স্নাতকোত্তর ডিগ্রি (M.Sc.) অথবা কম্পিউটার অ্যাপ্লিকেশন-এ স্নাতকোত্তর ডিগ্রি (MCA) অথবা ইঞ্জিনিয়ারিং বা প্রযুক্তিতে স্নাতকোত্তর ডিগ্রি (M.E. বা M.Tech) ডিগ্রিধারী হতে হবে। অথবা দর্শনে স্নাতকোত্তর ডিগ্রিধারী (MPhil) হতে হবে। সঙ্গে শিল্প ও শিক্ষাপ্রতিষ্ঠান অথবা বিজ্ঞান ও প্রযুক্তি সংস্থা,অথবা উভয় ক্ষেত্রেই গবেষণা বা উন্নয়ন কার্যক্রমে -সায়েন্টিস্ট-সি পদের ক্ষেত্রে অন্তত ৪ বছরের সংশ্লিষ্ট অভিজ্ঞতা এবং সায়েন্টিস্ট-ডি পদের ক্ষেত্রে অন্তত ৮ বছরের সংশ্লিষ্ট অভিজ্ঞতা থাকতে হবে। সায়েন্স বা ইঞ্জিনিয়ারিং বা ইনফর্মেশন কমিউনিকেশন টেকনোলজির ডক্টরেট (পিএইচ.ডি.) হওয়া বাঞ্ছনীয়।

২১-১১-২০২২ তারিখের হিসেবে সায়েন্টিস্ট-ডি পদের প্রার্থীদের বয়স হতে হবে ৪০ বছরের মধ্যে এবং সায়েন্টিস্ট-সি পদের প্রার্থীদের বয়স হতে হবে ৩৫ বছরের মধ্যে। ইলেকট্রনিক্স ও তথ্য প্রযুক্তি মন্ত্রক (MeitY) এবং এর অধীনস্থ সংস্থাগুলিতে নিয়মিতভাবে কর্মরত সায়েন্টিফিক ও টেকনিক্যাল অফিসাররা, তফশিলিরা, প্রাঃসঃকঃ-রা, ওবিসিরা, শারীরিক প্রতিবন্ধীরা এবং অন্যান্য বিশেষ শ্রেণিভুক্ত প্রার্থীরা এবং স্পেশ্যালাইজড সায়েন্টিফিক এরিয়ার খুব অভিজ্ঞ প্রার্থীরা কেন্দ্রীয় সরকারের নিয়ম অনুযায়ী বয়সের উর্ধ্বসীমায় ছাড় পাবেন। অন্যদিকে, অসামরিক কেন্দ্রীয় সরকারি (নিয়মিত ভিত্তিতে কর্মরত) কর্মচারীরা ৫ বছর বয়সের ছাড় পাবেন।

স্ক্রিনিং টেস্ট হবে কলকাতা, আগরতলা, পোর্ট-ব্লেয়ার, গুয়াহাটি, পাটনা, ভুবনেশ্বর, রাঁচি, দিল্লি, মুম্বই, চেন্নাই সহ দেশের মোট ২১টি শহরে। আবেদনের সময় পছন্দের শহরের নাম উল্লেখ করতে হবে। পরে কোনও পরিবর্তন করা যাবে না।

আবেদনের ফি বাবদ কেবল সাধারণ এবং অন্য সব প্রার্থীকে দিতে হবে ৮০০ টাকা। সঙ্গে ব্যাঙ্ক চার্জ অতিরিক্ত। এসবের তফশিলি/ প্রতিবন্ধী/ মহিলা প্রার্থীদের কোনও আবেদনের ফি দিতে হবে না। একাধিক পদে আবেদন করলে প্রতিটি পদের জন্য পৃথক পৃথক ফি দিতে হবে। বিজ্ঞপ্তি নং NIELIT/ NIC/2022/2. দেখে যাঁরা আবেদন করেছিলেন তাঁদের নতুন করে ফি দিতে হবে না।

আবেদন করবেন অনলাইনে https://recruitment.nic.in/ ওয়েবসাইটের মাধ্যমে, ৩০ এপ্রিল, ২০২৬ তারিখের মধ্যে। এরজন্য প্রার্থীর একটি বৈধ ই-মেইল আইডি এবং একটি সক্রিয় মোবাইল নম্বর থাকা চাই। অনলাইন আবেদনের ৪টি ধাপ। প্রথম ধাপে রেজিস্ট্রেশন, দ্বিতীয় ধাপে অনলাইন আবেদন পূরণ এবং যাবতীয় প্রমাণপত্র আপলোড, তৃতীয় ধাপে আবেদনের ফি প্রদান এবং চতুর্থ ধাপে কনফার্মেশন পেজ ডাউনলোড করতে হবে। সম্পূর্ণ পদ্ধতি পাবেন ওয়েবসাইটে। দরখাস্ত করার সময় নীচে বলা প্রমাণপত্রগুলির স্ক্যান আপলোড করতে হবে:- ছবি (জেপিজি/ জেপিইজি ফর্ম্যাটে ৫০ কেবি থেকে ২০০ কেবি সাইজের মধ্যে), সই (জেপিজি/ জেপিইজি ফর্ম্যাটে ১০ কেবি থেকে ৫০ কেবি সাইজের মধ্যে), বয়সের প্রমাণপত্র (পিডিএফ ফর্ম্যাটে ১০ কেবি থেকে ৫০০ কেবি সাইজের মধ্যে), শিক্ষাগত যোগ্যতার যাবতীয় সার্টিফিকেট (পিডিএফ ফর্ম্যাটে ১০ কেবি থেকে ৫০০ কেবি সাইজের মধ্যে), তশিলি/ ওবিসি/ ইডব্লিউএস সার্টিফিকেট (পিডিএফ ফর্ম্যাটে ১০ কেবি থেকে ৫০০ কেবি সাইজের মধ্যে), প্রতিবন্ধকতা সার্টিফিকেট (পিডিএফ ফর্ম্যাটে ১০ কেবি থেকে ৫০০ কেবি সাইজের মধ্যে), এনওসি/ সিসিএ ডিক্লারেশন এবং অ্যাকনলেজমেন্ট (সরকারি চাকুরে হলে) (পিডিএফ ফর্ম্যাটে ১০ কেবি থেকে ৫০০ কেবি সাইজের মধ্যে), এসএসএলসি/ মাধ্যমিক/ সমতুল সার্টিকেট (পিডিএফ ফর্ম্যাটে ১০ কেবি থেকে ৫০০ কেবি সাইজের মধ্যে), উচ্চমাধ্যমিক/ সমতুলের সার্টিফিকেট(পিডিএফ ফর্ম্যাটে ১০ কেবি থেকে ৫০০ কেবি সাইজের মধ্যে), (প্রযোজ্য হলে) পোস্ট গ্র্যাজুয়েট ডিগ্রি সার্টিফিকেট (পিডিএফ ফর্ম্যাটে ১০ কেবি থেকে ৫০০ কেবি সাইজের মধ্যে), পিএইচ. ডি. সার্টিফিকেট (পিডিএফ ফর্ম্যাটে ১০ কেবি থেকে ৫০০ কেবি সাইজের মধ্যে), গেট স্কোর কার্ড (পিডিএফ ফর্ম্যাটে ১০ কেবি থেকে ৫০০ কেবি সাইজের মধ্যে), (প্রযোজ্য হলে) যাঁরা চাকরির সময়কালকে অভিজ্ঞতা হিসেবে দাবি করেছেন - তাঁরা সেই সময়ের APAR-এর প্রত্যায়িত কপি) (পিডিএফ ফর্ম্যাটে ১০ কেবি থেকে ৫০০ কেবি সাইজের মধ্যে), অভিজ্ঞতার সার্টিফিকেট ও স্যালারি স্লিপ ও প্রমোশন অর্ডার ও পদমর্যাদা পরিবর্তনের প্রমাণ/ পে স্কেল রিভিশনের প্রমাণ (পিডিএফ ফর্ম্যাটে ১০ কেবি থেকে ১০২৪ কেবি সাইজের মধ্যে), পেপার প্রকাশের সম্পূর্ণ তথ্য (পিডিএফ ফর্ম্যাটে ১০ কেবি থেকে ২০২৪ কেবি সাইজের মধ্যে), ফর্ম ১৬এ এবং আইটিআর রিটার্ন (পিডিএফ ফর্ম্যাটে ১০ কেবি থেকে ১০২৪ কেবি সাইজের মধ্যে), সিজিপিএ থেকে শতকরা পরিবর্তনের সার্টিফিকেট (পিডিএফ ফর্ম্যাটে ১০ কেবি থেকে ৫০০ কেবি সাইজের মধ্যে), স্টেটমেন্ট অব পার্পাস (পিডিএফ ফর্ম্যাটে ১০ কেবি থেকে ৫০০ কেবি সাইজের মধ্যে), (প্রযোজ্য হলে) স্ক্রাইব ডিক্লারেশন ফর্ম (পিডিএফ ফর্ম্যাটে ১০ কেবি থেকে ৫০০ কেবি সাইজের মধ্যে) এবং নিজের রোল নম্বর/ অ্যাপ্লিকেশন নম্বর (পিডিএফ ফর্ম্যাটে ১০ কেবি থেকে ৫০০ কেবি সাইজের মধ্যে)। এগুলি স্ক্যান করে রাখবেন। দরখাস্ত করার সময় আপলোড করতে হবে। এবার যাবতীয় তথ্য সঠিকভাবে যাচাই করে সিস্টেম জেনারেটেড অ্যাপ্লিকেশন ফর্মের প্রিন্টি নিয়ে নেবেন। এটি কোথাও পাঠাতে হবে না। পরে প্রয়োজন হবে। এই নিয়োগের বিজ্ঞপ্তি নং NIC/SC-C&D/2026/3. অন্যান্য তথ্য সহ আরও বিস্তারিত তথ্য পাবেন ওয়েবসাইটে।

Domestic & International Courier Service
RUNNER EXPRESS
WORLD WIDE
ON TIME DELIVERY IS OUR MOTO
For more details Call our
Toll Free No: 18008914133
Email: runnerex298@gmail.com

https://kaajcareer.in

## ১৫২ ম্যানেজার, ইয়ং

১ পাতার পর ..........

পারিশ্রমিক মাসে ১,০৫,০০০ টাকা। নিয়োগ হবে ২ বছরের জন্য।

ইয়ং প্রফেশনাল (কোড-CON-05): শূন্যপদ ২টি। কম্পিউটার সায়েন্স/ ইনফর্মেশন টেকনোলজির ব্যাচেলর বা মাস্টার ডিগ্রি পাশরা অথবা কম্পিউটার অ্যাপ্লিকেশনের মাস্টার ডিগ্রি পাশরা আবেদন করতে পারেন। আর্টিফিশিয়াল ইন্টেলিজেন্সের জ্ঞান থাকলে ভাল। বয়স ৪০ বছরের মধ্যে। পারিশ্রমিক মাসে ৪০,০০০ টাকা। নিয়োগ হবে ৩ বছরের জন্য।

আইটি অ্যাসিস্ট্যান্ট (মেকানিক্যাল) (কোড-CON-06): শূন্যপদ ১টি। অন্তত ৫৫ শতাংশ নম্বর সহ কম্পিউটার সায়েন্সের ইঞ্জিনিয়ারিং ডিগ্রি এবং ১ বছরের কাজের অভিজ্ঞতা অথবা অন্তত ৫৫ শতাংশ নম্বর সহ ইনফর্মেশন টেকনোলজির ব্যাচেলর ডিগ্রি এবং ১ বছরের কাজের অভিজ্ঞতা অথবা অন্তত ৫৫ শতাংশ নম্বর সহ কম্পিউটার অ্যাপ্লিকেশনের মাস্টার ডিগ্রি অথবা কম্পিউটার সায়েন্স/ ইনফর্মেশন টেকনোলজির ৩ বছরের ডিপ্লোমাধারী ও ৪ বছরের কাজের অভিজ্ঞতা থাকলে আবেদন করতে পারেন। বয়স ৩২ বছরের মধ্যে। পারিশ্রমিক মাসে ৩৫,০০০ টাকা। নিয়োগ হবে ৩ বছরের জন্য।

অ্যাসিস্ট্যান্ট ম্যানেজার (প্লাস্টিক) (কোড-CON-07): শূন্যপদ ১টি। অন্তত ৫৫ শতাংশ নম্বর সহ প্লাস্টিক টেকনোলজি/ প্লাস্টিক ইঞ্জিনিয়ারিংয়ের বি টেক ডিগ্রি পাশরা সংশ্লিষ্ট ক্ষেত্রে ৮ বছরের কাজের অভিজ্ঞতা থাকলে আবেদন করতে পারেন। বয়স হতে হবে ৪৫ বছরের মধ্যে। পারিশ্রমিক মাসে ৭৫,০০০ টাকা। নিয়োগ হবে ৩ বছরের জন্য।

জুনিয়র ম্যানেজার (প্রোডাকশন)- টেক্সটাইল (কোড-CON-08): শূন্যপদ ১টি। অন্তত ৫৫ শতাংশ নম্বর সহ টেক্সটাইল টেকনোলজি/ ফ্যাশন টেকনোলজি/ গারমেন্ট ম্যানুফ্যাকচারিং টেকনোলজি/ অ্যাপারেল ম্যানুফ্যাকচারিং টেকনোলজির ইঞ্জিনিয়ারিং ডিগ্রি পাশরা সংশ্লিষ্ট ক্ষেত্রে ৫ বছরের কাজের অভিজ্ঞতা থাকলে আবেদন করতে পারেন। বয়স ৪২ বছরের মধ্যে। পারিশ্রমিক মাসে ৬০,০০০ টাকা। নিয়োগ হবে ৩ বছরের চুক্তির ভিত্তিতে।

জুনিয়র ম্যানেজার (সিভিল ইঞ্জিনিয়ার) (কোড-CON-09): শূন্যপদ ১টি। অন্তত ৫৫ শতাংশ নম্বর সহ সিভিল ইঞ্জিনিয়ারিংয়ের পুরো সময়ের ব্যাচেলর ডিগ্রি পাশরা সংশ্লিষ্ট ক্ষেত্রে ৫ বছরের কাজের অভিজ্ঞতা থাকলে অথবা সিভিল ইঞ্জিনিয়ারিংয়ের ৩ বছরের ডিপ্লোমাধারীরা সংশ্লিষ্ট ক্ষেত্রে ৭ বছরের কাজের অভিজ্ঞতা থাকলে আবেদন করতে পারেন। বয়স ৪২ বছরের মধ্যে। পারিশ্রমিক মাসে ৬০,০০০ টাকা। নিয়োগ হবে ৩ বছরের জন্য।

অফিসার (সিভিল ইঞ্জিনিয়ার) (কোড-CON-10): শূন্যপদ ১টি। অন্তত ৫৫ শতাংশ নম্বর সহ সিভিল ইঞ্জিনিয়ারিংয়ের পুরো সময়ের ব্যাচেলর ডিগ্রি পাশরা সংশ্লিষ্ট ক্ষেত্রে ২ বছরের কাজের অভিজ্ঞতা থাকলে অথবা সিভিল ইঞ্জিনিয়ারিংয়ের ৩ বছরের ডিপ্লোমাধারীরা সংশ্লিষ্ট ক্ষেত্রে ৫ বছরের কাজের অভিজ্ঞতা থাকলে আবেদন করতে পারেন। বয়স ৪২ বছরের মধ্যে। পারিশ্রমিক মাসে ৬০,০০০ টাকা। নিয়োগ হবে ৩ বছরের জন্য।

কোয়ালিটি কন্ট্রোলার (ল্যাব)- টেক্সটাইল (কোড-CON-12): শূন্যপদ ১টি। অন্তত ৫৫ শতাংশ নম্বর সহ টেক্সটাইল টেকনোলজি/ ফ্যাশন টেকনোলজি/ গারমেন্ট ম্যানুফ্যাকচারিং টেকনোলজি/ অ্যাপারেল ম্যানুফ্যাকচারিং টেকনোলজির ৩ বছরের ডিপ্লোমধারীরা ৪ বছরের কাজের অভিজ্ঞতা থাকলে অথবা ওইসব বিষয়ের ইঞ্জিনিয়ারিং ডিগ্রি পাশরা ১ বছরের কাজের অভিজ্ঞতা থাকলে আবেদন করতে পারেন। বয়স ৪০ বছরের মধ্যে। পারিশ্রমিক মাসে ৩৫,০০০ টাকা। নিয়োগ হবে ৩ বছরের জন্য।

কোয়ালিটি কন্ট্রোল অ্যাসিস্ট্যান্ট (মেকানিক্যাল) (কোড-CON-13): শূন্যপদ ২টি। মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিংয়ের ডিপ্লোমাধারীরা ৪ বছরের কাজের অভিজ্ঞতা থাকলে আবেদন করতে পারেন। বয়স ৪০ বছরের মধ্যে। পারিশ্রমিক মাসে ৩৫,০০০ টাকা। নিয়োগ হবে ৩ বছরের জন্য।

জুনিয়র ম্যানেজার (কোড-CON-14): শূন্যপদ ৮টি। প্রস্থেটিক অ্যান্ড অর্থোটিক্সের ব্যাচেলর ডিগ্রি পাশরা বৈধ আরসিআই অ্যাক্রিডিয়েশনধারী হলে ক্লিনিক্যাল ক্ষেত্রে ৫ বছরের কাজের অভিজ্ঞতা থাকলে অথবা প্রস্থেটিক অ্যান্ড অর্থোটিক্সের মাস্টার ডিগ্রি পাশরা ক্লিনিক্যাল ক্ষেত্রে ৩ বছরের কাজের অভিজ্ঞতা থাকলে আবেদন করতে পারেন। বয়স ৪৫ বছরের মধ্যে। পারিশ্রমিক মাসে ৬০,০০০ টাকা। নিয়োগ হবে ৩ বছরের জন্য।

পি অ্যান্ড কিউ ক্লিনিক্যাল (কোড-CON-15): শূন্যপদ ২টি। প্রস্থেটিক অ্যান্ড অর্থোটিক্সের ব্যাচেলর ডিগ্রি পাশরা বৈধ আরসিআই অ্যাক্রিডিয়েশনধারী হলে ক্লিনিক্যাল ক্ষেত্রে ২ বছরের কাজের অভিজ্ঞতা থাকলে অথবা প্রস্থেটিক অ্যান্ড অর্থোটিক্সের মাস্টার ডিগ্রি পাশরাবৈধ আরসিআই অ্যাক্রিডিয়েশনধারী হলে আবেদন করতে পারেন। বয়স ৪০ বছরের মধ্যে। পারিশ্রমিক মাসে ফ্রেশারদের জন্য ৩০,০০০ টাকা, ১ বছরের অভিজ্ঞ প্রার্থীদের ক্ষেত্রে মাসে ৩৫,০০০ টাকা এবং ২ বছরের অভিজ্ঞ প্রার্থীদের ক্ষেত্রে মাসে ৪০,০০০ টাকা। নিয়োগ হবে ২ বছরের জন্য।

প্রস্থেটিক অ্যান্ড অর্থোটিক (কোড-CON-16): শূন্যপদ ৩০টি। প্রস্থেটিক অ্যান্ড অর্থোটিক্সের ব্যাচেলর ডিগ্রি পাশরা হতে হবে। প্রস্থেটিক অ্যান্ড অর্থোটিক্সের মাস্টার ডিগ্রি পাশরা অগ্রাধিকার পাবেন। সঙ্গে সেন্ট্রাল রিহ্যাবিলিটেশন রেজিস্ট্রার রেজিস্ট্রেশন সার্টিফিকেট থাকা আবশ্যিক। প্রার্থীদের আর্টিফিশিয়াল লিম্বস ফ্যাব্রিকেটিং এবং ফিটিংয়ের কাজে অভিজ্ঞতা থাকা চাই। পাশাপাশি প্রার্থীকে যে স্থানে নিয়োগ হবে সেখানকার স্থানীয় ভাষা জানতে হবে। ফ্রেশাররাও আবেদনের যোগ্য। বয়স ৪০ বছরের মধ্যে। পারিশ্রমিক মাসে ফ্রেশারদের ক্ষেত্রে ৩০,০০০ টাকা, ১ বছরের অভিজ্ঞদের জন্য ৩৫,০০০ টাকা এবং ২ বছরের অভিজ্ঞদের জন্য ৪০,০০০ টাকা। নিয়োগ হবে ৩ বছরের জন্য।

প্রস্থেটিক অ্যান্ড অর্থোটিক (টেকনিশিয়ান) (কোড-CON-17): শূন্যপদ ২০টি। প্রস্থেটিক অ্যান্ড অর্থোটিক্সের সার্টিফিকেটধারী বা বেঞ্চ স্কিল সার্টিফিকেটধারী অথবা প্রস্থেটিক অ্যান্ড অর্থোটিক্সের ডিপ্লোমধারীরা আবেদন করতে পারেন। বয়স ৪০ বছরের মধ্যে। পারিশ্রমিক মাসে ২৫,০০০ টাকা। নিয়োগ হবে ৩ বছরের জন্য।

অডিওলজিস্ট (কোড-CON-18): শূন্যপদ ৫০টি। অডিওলজি অ্যান্ড স্পিচ ল্যাঙ্গুয়েজ প্যাথোলজির ব্যাচেলর ডিগ্রি পাশ হতে হবে। ওই বিষয়ের মাস্টার ডিগ্রি পাশরা অগ্রাধিকার পাবেন। সঙ্গে সেন্ট্রাল রিহ্যাবিলিটেশন রেজিস্ট্রার রেজিস্ট্রেশন সার্টিফিকেট থাকা আবশ্যিক। অডিওলজি টেস্টের দক্ষতা থাকা চাই। পাশাপাশি প্রার্থীকে যে স্থানে নিয়োগ হবে সেখানকার স্থানীয় ভাষা জানতে হবে। ফ্রেশাররাও আবেদনের যোগ্য। বয়স ৪০ বছরের মধ্যে। পারিশ্রমিক মাসে ফ্রেশারদের ক্ষেত্রে ৩০,০০০ টাকা, ১ বছরের অভিজ্ঞদের জন্য ৩৫,০০০ টাকা এবং ২ বছরের অভিজ্ঞদের জন্য ৪০,০০০ টাকা। নিয়োগ হবে ৩ বছরের জন্য। নিয়োগ হবে ৩ বছরের জন্য।

অপ্টোমেট্রিস্ট (কোড-CON-19): শূন্যপদ ১০টি। অপ্টোমেট্রির ব্যাচেলর ডিগ্রি পাশরা বৈধ রেজিস্ট্রেশন সার্টিফিকেটধারী হলে আবেদন করতে পারেন। সঙ্গে ১ বছরের কাজের অভিজ্ঞতা থাকা চাই। বয়স ৪০ বছরের মধ্যে। পারিশ্রমিক মাসে ৩৫,০০০ টাকা। নিয়োগ হবে ৩ বছরের জন্য।

স্পেশ্যাল এডুকেটর (ইন্টেলেকচুয়াল ডিসেবিলিটি) (কোড-CON-20): শূন্যপদ ১৫টি। স্পেশ্যাল এডুকেশন (ইন্টেলেকচুয়াল ডিসেবিলিটি)-এর ব্যাচেলর ডিগ্রি পাশরা সেন্ট্রাল রিহ্যাবিলিটেশন রেজিস্ট্রার রেজিস্ট্রেশন সার্টিফিকেটধারী হলে এবং ১ বছরের কাজের অভিজ্ঞতা থাকলে আবেদন করতে পারেন। স্পেশ্যাল এডুকেশন (আইডি)-র মাস্টার ডিগ্রি পাশরা ১ বছরের কাজের অভিজ্ঞতা থাকলে ভাল। বয়স ৪০ বছরের মধ্যে। থোক পারিশ্রমিক ১ বছরের অভিজ্ঞ প্রার্থীদের ক্ষেত্রে মাসে ২৫,০০০ টাকা এবং ২ বছরের অভিজ্ঞ প্রার্থীদের ক্ষেত্রে মাসে ৩৫,০০০ টাকা। নিয়োগ হবে ৩ বছরের জন্য।

স্পেশ্যাল এডুকেটর (ভিজ্যুয়াল ইম্পেয়ারমেন্ট) (কোড-CON-21): শূন্যপদ ৫টি। স্পেশ্যাল এডুকেশন (ভিজ্যুয়াল ডিসেবিলিটি)-এর ব্যাচেলর ডিগ্রি পাশরা সেন্ট্রাল রিহ্যাবিলিটেশন রেজিস্ট্রার রেজিস্ট্রেশন সার্টিফিকেটধারী হলে এবং ১ বছরের কাজের অভিজ্ঞতা থাকলে আবেদন করতে পারেন। স্পেশ্যাল এডুকেশন (ভিডি)-র মাস্টার ডিগ্রি পাশরা ১ বছরের কাজের অভিজ্ঞতা থাকলে ভাল।। বয়স ৪০ বছরের মধ্যে। নিয়োগ হবে ৩ বছরের জন্য।

ওয়্যারহাউস অ্যাসিস্ট্যান্ট (কোড-CON-22): শূন্যপদ ১টি। মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিংয়ের ৩ বছরের ডিপ্লোমাধারীরা অথবা ইলেক্ট্রিক্যাল/ ইলেক্ট্রনিক্স ইঞ্জিনিয়ারিংয়ের ৩ বছরের ডিপ্লোমাধারীরা সংশ্লিষ্ট ক্ষেত্রে ৪ বছরের কাজের অভিজ্ঞতা থাকলে আবেদন করতে পারেন। বয়স ৪০ বছরের মধ্যে। পারিশ্রমিক মাসে ৩৫,০০০ টাকা। নিয়োগ হবে ৩ বছরের জন্য।

স্টোর অ্যাসিস্ট্যান্ট (কোড-CON-23): শূন্যপদ ২টি। মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিং/ ইলেক্ট্রনিক্স ইঞ্জিনিয়ারিংয়ের ৩ বছরের ডিপ্লোমাধারীরা আবেদন করতে পারেন। ওইসব বিষয়ের ৪ বছরের ডিগ্রি পাশ হলে ভাল। বয়স ৩০ বছরের মধ্যে। পারিশ্রমিক মাসে ৩৫,০০০ টাকা। নিয়োগ হবে ৩ বছরের জন্য।

প্রোকিওরমেন্ট অ্যাসিস্ট্যান্ট (কোড-CON-24): শূন্যপদ ২টি। মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিং/ ইলেক্ট্রনিক্স ইঞ্জিনিয়ারিংয়ের ৩ বছরের ডিপ্লোমাধারীরা আবেদন করতে পারেন। ওইসব বিষয়ের ৪ বছরের ডিগ্রি পাশ হলে ভাল। বয়স ৩০ বছরের মধ্যে। পারিশ্রমিক মাসে ৩৫,০০০ টাকা। নিয়োগ হবে ৩ বছরের জন্য।

সবক্ষেত্রেই বয়সের হিসেব করতে হবে ১-৪-২০২৬ তারিখের হিসেবে। তফশিলিরা ৫, ওবিসিরা ৩, শারীরিক প্রতিবন্ধীরা ১০ (তফশিলি হলে ১৫, ওবিসি হলে ১৩) বছর এবং প্রাক্তন সমরকর্মীরা সরকারি নিয়ম অনুযায়ী বয়সের ছাড় পাবেন।

প্রার্থীবাছাই হবে ইন্টারভিউ, নথিপত্র যাচাই ও ডাক্তারি পরীক্ষার মাধ্যমে। নথিপত্র যাচাইয়ের সময় যাবতীয় প্রমাণপত্রের মূলগুলি সঙ্গে নিয়ে যাবেন।

আবেদন করবেন অনলাইনে https://erp.alimco.in/sap/bc/webdynpro/sap/zhrap_erecruitment ওয়েবসাইটের মাধ্যমে, ১৩ মে-র মধ্যে। এরজন্য প্রার্থীর একটি বৈধ ইমেল আইডি ও মোবাইল নম্বর থাকা চাই। অনলাইন আবেদন করতে বসার আগে নিজের পাসপোর্ট মাপের ছবি, সই, যাবতীয় শিক্ষাগত যোগ্যতার মার্কশিট ও সার্টিফিকেট, কাস্ট সার্টিফিকেট ইত্যাদি ওয়েবসাইটের নির্দেশ অনুযায়ী স্ক্যান করে রাখবেন। দরখাস্ত করার সময় আপলোড করতে হবে। এই নিয়োগের ক্ষেত্রে কোনও আবেদনের ফি দিতে হবে না। এবার যাবতীয় তথ্য সঠিকভাবে যাচাই করে সিস্টেম জেনারেটেড অ্যাপ্লিকেশন ফর্মের প্রিন্ট নিয়ে নেবেন। এই নিয়োগের রেফারেন্স নং: FTC/Contractual/April-2026. আরও বিস্তারিত জানতে পারবেন ওপরে বলা ওয়েবসাইটে।

Printed & Published by Kanika Chakraborty on behalf of Owner Kanika Chakraborty and Printed at New India Art Press, Deshbandhu Road, Bhatrapolly, Barasat, North 24 Parganas, West Bengal - 700 126 and Published at BD-72, Sector-I, Salt Lake City, Kolkata, West Bengal - 700 064, Editor: Prabir Mukhopadhyay

Editorial Office: BD-72, Sector-I, Salt Lake City, Kolkata, District- North 24 Parganas, West Bengal - 700 064, Ph: (033) 2334-3575, Mobile: +91 9434972260,
Email: editorkaajcareer@gmail.com/ kaajcareerportal@gmail.com, Web: www.kaajcareer.in,
Find us on ---- Facebook: www.facebook.com/kaajcareer, Twitter: www.twitter.com/Kaajcareer, Instagram: Kaajcareer. RNI No. WBBEN/2006/18125